১৬ পাতার সংখ্যা

# কর্মসংস্থান

দাম : ৫ টাকা

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 37 ■ Issue No. 28 ■ 13th July 2024 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

DR. K.R. ADHIKARY
COLLEGE OF OPTOMETRY & PARAMEDICAL TECHNOLOGY
Affiliated to UNIVERSITY OF KALYANI
Pioneer in Paramedical Education since 2003
Student Credit Card Facility
DIPLOMA COURSES (2 Years)
● DOS & OT ● DMLT ● DMRT ● DPT ● DDT & OH ● DECG & PFT ● DPA & ED
● DDT ● DCCT ● ADCLP ● DOTT ● DAT
Eligibility : HS (10+2) or equivalent
Kalyani WEBEL I.T Park, Phase-II
Website: www.kradhikarycollege.org | 9339218894 / 9477425536 / 8100149510

### গ্র্যাজুয়েট ছেলেমেয়েদের জন্য
### বয়স হতে হবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে

# ২ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৩,২৪৪ অ্যাপ্রেন্টিস

## ইউকো ব্যাঙ্কে ৫৪৪

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ইউকো ব্যাঙ্ক অ্যাপ্রেন্টিস হিসাবে ৫৪৪ জন লোক নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৭-২০২৪'এর হিসাবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৭-১৯৯৬ থেকে ১-৭-২০০৪'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা।

☞ এরপর ১৬ পাতায়

ICE Academy
WBCS, WB-PSC
SSC, Rail, Bank
General Combined
নতুন ব্যাচ : 14 ও 21 জুলাই
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
8597355667

## পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ২৭০০

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক অ্যাপ্রেন্টিস হিসাবে ২,৭০০ জন ছেলেমেয়ে নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩০-৬-২০২৪'এর হিসাবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ৩০-৬-১৯৯৬ থেকে ৩০-৬-২০০৪'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে রুরাল / সেমি আরবান-এর বেলায় ১০,০০০ টাকা, আরবান এলাকার বেলায় ১২,০০০ টাকা আর মেট্রো এলাকার বেলায় ১৫,০০০ টাকা।

যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় পড়তে, লিখতে ও বলতে পারা দরকার।

☞ এরপর ১৪ পাতায়

## পুরসভায় ৩৫ হেল্‌থ ওয়ার্কার

**নিজস্ব সংবাদদাতা, শিলিগুড়ি :** শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশন 'অনারারি হেলথ ওয়ার্কার' পদে ৩৫ জন মহিলা নিচ্ছে। মাধ্যমিক পাশ বিবাহিতা, বিধবা বা, আইনত বিবাহবিচ্ছিন্না মহিলারা আবেদন করতে পারেন। উচ্চ শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরাও যোগ্য।

☞ এরপর ১৫ পাতায়

### পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

# ১২ হাজার গ্রুপ 'সি' ও গ্রুপ 'ডি' পদে চাকরি

### প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে প্রিলি., মেইন ও ইন্টারভিউ হবে

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে রাজ্য সরকারের বিভিন্ন দফতরে গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদে প্রায় ১২ হাজার শূন্যপদ পূরণের জন্য দরখাস্ত নেওয়া শুরু হবে। দ্রুত কর্মী নিয়োগের জন্য ২০২২ সালের স্টাফ সিলেকশন কমিশন (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট সংযোজন করে ২ বছরের চুক্তিতে নতুন চেয়ারপার্সন নিযুক্ত করা হয়েছে অবসরপ্রাপ্ত আই.পি.এস. অফিসার বিবেক সহায়'কে (No. 1068-PAR(Genl.) HR/ N/ G8P-07/2020, Date: 19.06.2024). এছাড়াও আরো ৬ জন সদস্যকে নিয়োগ করা হচ্ছে। কলকাতার নিউটাউনে স্টাফ সিলেকশন কমিশনের নতুন অফিস থেকেই এই পদে নিয়োগের যাবতীয় কাজকর্ম চলবে।

মোট শূন্যপদের মধ্যে গ্রুপ-ডি পদে ৮ হাজার আর গ্রুপ-সি (ক্লার্ক-সহ অন্যান্য) পদে ৪ হাজার কর্মী নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রার্থী বাছাই পরীক্ষা নেবে স্টাফ সিলেকশন কমিশন। পরীক্ষা পদ্ধতি নিয়ে একটি খসড়া তৈরি হয়েছে।

☞ এরপর ১৪ পাতায়

# এয়ার ইন্ডিয়ায় ৩৭১৩ এক্সিকিউটিভ ও হ্যান্ডিম্যান

### এয়ার ইন্ডিয়ায় ২,৯০৭ এজেন্ট, হ্যান্ডিম্যান

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** এয়ার ইন্ডিয়া এয়ারপোর্টস অথরিটি অফ ইন্ডিয়া ইউটিলিটি এজেন্ট কাম র‍্যাম্প ড্রাইভার, হ্যান্ডিম্যান, র‍্যাম্প সার্ভিস এক্সিকিউটিভ, ইউটিলিটি

☞ এরপর ১৫ পাতায়

### এয়ার ইন্ডিয়ায় ৭০৬ এক্সিকিউটিভ

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** এয়ার ইন্ডিয়া এয়ারপোর্টস সার্ভিসেস লিমিটেড 'কাস্টমার সার্ভিস এক্সিকিউটিভ' পদে ৭০৬ জন লোক নিচ্ছে।

☞ এরপর ৪ পাতায়

## ৯০ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, আবাদি :** কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন মেশিন টুল প্রোটোটাইপ ফ্যাক্টরি 'আই.টি.আই. অ্যাপ্রেন্টিস' ও 'নন-আই.টি.আই. অ্যাপ্রেন্টিস' হিসাবে ৯০ জন লোক নিচ্ছে।

☞ এরপর ১৬ পাতায়

## ৮৭ ওয়ার্কার

**নিজস্ব সংবাদদাতা, ছত্তিশগড় :** ইতারসি অর্ডন্যান্স ফ্যাক্টরি 'কেমিক্যাল প্রসেস ওয়ার্কার' ট্রেডে ৮৭ জন লোক নিচ্ছে। আই.টি.আই. থেকে অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট) ট্রেডের সার্টিফিকেট কোর্স

☞ এরপর ১৫ পাতায়

## স্টিল অথরিটিতে ২৪৯ ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** স্টিল অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেড 'ম্যানেজমেন্ট ট্রেনি (টেকনিক্যাল)' পদে ২৪৯ জন ছেলেমেয়ে নিচেছ। কারা কোন পদের জন্য যোগ্য :

**ম্যানেজমেন্ট ট্রেনি (টেকনিক্যাল)** নেওয়া হবে এইসব শাখায় মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, মেটালার্জিক্যাল,

☞ এরপর ১২ পাতায়

# স্বাস্থ্য, শিক্ষা, বন দফতরে সাড়ে ৪ হাজার শূন্যপদ পূরণের অনুমোদন

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** রাজ্য সরকারের স্বাস্থ্য দফতর, স্বরাষ্ট্র দফতর, প্রাণী সম্পদ বিকাশ, বন বিভাগ, বিদ্যালয় শিক্ষা দফতরে প্রায় সাড়ে ৪ হাজার শূন্যপদ পূরণের সিদ্ধান্ত নিয়েছে মন্ত্রিসভা। হাসপাতালের চিকিৎসা ব্যবস্থা উন্নত করতে নার্স, ফার্মাসিস্ট, মেডিক্যাল টেকনোলজিস্ট পদে প্রায় ২ হাজার শূন্যপদ পূরণ করা হবে ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে। ২০২৩ সালের জানুয়ারি থেকে ২০২৪ সালের মার্চ পর্যন্ত যা শূন্যপদ তৈরি হবে, তা এই পরীক্ষা থেকে নেওয়া হবে।

অন্যদিকে, স্বরাষ্ট্র দফতরে ১০৫টি, প্রাণী সম্পদ বিকাশ দফতরে ২৭০টি, বিদ্যালয় শিক্ষা দফতরে ৩৫টি শূন্যপদ পূরণ করা হবে। এছাড়াও বন বিভাগে ফরেস্ট গার্ড পদে ১,৬০০টি, হেড ফরেস্ট গার্ড পদে ১৯২টি শূন্যপদ পূরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে বনরক্ষী পদে নিয়োগ করা হবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে।

## কেন্দ্রীয় সংস্থায় ১৬৫ ট্রেড অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, মুম্বই :** রাষ্ট্রীয় কেমিক্যাল অ্যান্ড ফার্টিলাইজার্স লিমিটেড 'ট্রেড অ্যাপ্রেন্টিস', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস' ও 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' পদে ১৬৫ জন লোক নিচেছ। কারা কোন ট্রেডের জন্য যোগ্য:

**ট্রেড অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ট্রেডে :**

**অ্যাটেন্ড্যান্ট অপারেটর কেমিক্যাল প্ল্যান্ট :** ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১ বছরের ট্রেনিং।

স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা।

☞ এরপর ১৫ পাতায়

## ম্যারেজ ব্যুরো

ব্যবসা

### কম পুঁজিতে নানা ব্যবসার সন্ধান দিচ্ছেন ইঞ্জিনিয়ার সুকৃৎ বসু

ম্যারেজ ব্যুরো বা ম্যাট্রিমনিয়াল বিজনেস হল একালের এক ধরনের ম্যাচ-মেকিং পরিষেবা।



বিয়ে করতে আগ্রহীরা এখানে নাম নিবন্ধন করলে ম্যারেজ ব্যুরো তার ডাটাবেস থেকে সম্ভাব্য ম্যাচের সুপারিশ করে। যেকেউ একা বা দল বেঁধে অফিস বা বাড়ি থেকে ম্যারেজ ব্যুরো চালাতে পারে। আজকাল অধিকাংশ বিয়ে ম্যারেজ ব্যুরোর মাধ্যমেই হয়।

প্রার্থী বা প্রার্থীর বাবা-মা যেমন ব্যুরো পরিদর্শন করে, তেমন ব্যুরো সরাসরি চিঠিপত্র, ই-মেল আর ফোন কলের মাধ্যমে ম্যাচমেকিং।

☞ এরপর ৬ পাতায়

SSKM COLLEGE OF PHARMACY
Approved by PCI, Affiliated to WBSCTVESD
ডি-ফার্ম
সত্বর যোগাযোগ করুন
২ বছরের কোর্স
যোগ্যতা - 10+2 (বিজ্ঞান)
সামর্থ্যযোগ্য কোর্স ফি
আমাদের সুবিধাগুলি :
● অভিজ্ঞ অধ্যক্ষ এবং অধ্যাপক-অধ্যাপিকা
● আধুনিক অডিও ভিস্যুয়াল ক্লাস রুম
● ফ্রি ওয়াইফাই জোন
You Tube
8296078405, 9231518040
9339085237, 8420423793
উচ্ছেগড়, শ্যামনগর, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ
www.sskmcollege.com sskmcollege@gmail.com

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের দেশ ও বিদেশে চাকরীর সুযোগ

TIEM®

# THE INSTITUTE OF EDUCATION & MANAGEMENT

**Course Approved by Govt. of India**
**Reg. with MSME Govt. of India**
**Recognition By HRAEI**

# Hotel & Hospitality Management













### কেন TIEM-এ ভর্তি হবেন?

- Bank Loan-এর ব্যবস্থা ও চাকরি পাওয়ার পর পরিশোধ করার সুবিধা
- ভর্তির সময় Job bond Letter.
- Installment এ Course Fee দেওয়ার সুবিধা
- Fully AC Campus
- wi-fi connectivity
- Free Separate Hostel facilities for Girls & Boys.
- Regular Industry visit.
- Concession for SC / ST / OBC / Girls
- Books & Uniform Free

**ক্লাস শুরু 23rd July**

**আসন সংখ্যা সীমিত 8 Seats Left**

**কোর্স করলেই দেশ বিদেশে চাকরি**

**কোর্স করতে করতে 8000/- থেকে 12000/- টাকা Income এর সুযোগ**

**দরিদ্র ছাত্র-ছাত্রীদের কোর্স করার বিশেষ সুযোগ**



**Placement Record**

**Admissions OPEN**

### TIEM থেকে পাশ করা কিছু কর্মরত ছাত্র-ছাত্রী



**Kolkata Campus :6, Seal's Garden Lane, Kolkata- 700 002 (Near-Dumdum)**
**Contact : 9002469602 / 8697588002**

# শ্রীমতী টেকনো ইনস্টিটিউটে জমজমাট চাকরির মেলা



নিজস্ব প্রতিনিধি : শ্রীমতী টেকনো ইনস্টিটিউট ও শ্রীমতী প্রাইভেট আইটিআই-এর উপস্থাপনায় ২৯ ও ৩০ জুন ২ দিন ধরে লেক মল-এর তৃতীয় আর পঞ্চম তলায় হয় 'Thinking 2K24'। প্রদর্শনী ও সেমিনার-কাম- ওয়ার্কশপ আর চাকরির মেলা। উদ্দেশ্য ছিল শিক্ষার্থীদের কাজের মাধ্যমে তাঁদের প্রতিভার বিকাশ আর সেইসঙ্গে চাকরির খোঁজ দেওয়া। অনুষ্ঠানের উদ্যোক্তা ছিলেন আয়োজক ২ সংস্থার পরিচালক বি এন পতি ও মাধবী পতি। এছাড়াও ছিলেন সংস্থার অ্যাকাডেমিক ও প্রশাসনিক প্রধান বিমল কর ও সোমা সরকার। ১৯৮৯ সালে শ্রীমতী টেকনো ইনস্টিটিউট চালু হওয়ার পর থেকে প্রতি বছর এই 'থিংকিং' ইভেন্ট হয়। এবছর উদ্বোধন করেন চলচ্চিত্র অভিনেতা ও পরিচালক অর্জুন চক্রবর্তী। প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় সরকারের এমএসএম-ই মন্ত্রকের অ্যাস্টিট্যান্ট ডিরেক্টর সীতানাথ মুখোপাধ্যায় আর সম্মানীয় অতিথি ছিলেন রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ-এর প্রাক্তন ভাইস প্রেসিডেন্ট রঞ্জন ভট্টাচার্য। এদিনের অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সুমন দত্ত ও তাঁকে সাহায্য করেন সপ্তপর্ণা পতি। প্রদর্শনীর পাশাপাশি ছিল 'জব ফেয়ার'। শ্রীমতী টেকনো ইনস্টিটিউটের লক্ষ্য 'চাকরি সবার জন্য। ভবিষ্যৎ নির্ভর করে আপনি আজ যা শিখবেন তার ওপর'। আর এই উদ্দশ্যে মাথায় রেখে শ্রীমতী টেকনো ইনস্টিটিউট ও শ্রীমতী প্রাইভেট আইটিআই এবছর থিংকিং প্রদর্শনীতে জব ফেয়ার-এর আয়োজন করে। দু'শোর বেশি শিক্ষার্থী চাকরির মেলায় আসেন আর তাঁদের মধ্যে কিছু প্রার্থী যোগ্যতা অনুসারে বাছাই হয়। চাকরির মেলায় ছিল এইসব সংস্থা : Security Engineers, Macement Engineering Limited, New Allenberry Works, Dhoot Transmission PVT Limited, Home and Beyond Services, SOLEIL ConstructionPVT, Mangalam cooling Appliances, TATA Motors, DECENCY Construction, TIRUPATI Udyog, GMCC India Limited, Soni Rubber Products Limited,and CROWN CLOTHING PVT Ltd. 'জব ফেয়ার'-এর প্লেসমেন্ট অফিসার ছিলেন শুভাশিস চ্যাটার্জি ও চঞ্চল চ্যাটার্জি। তাঁদের সাহায্য করেন নিমাইসুন্দর জানা ও প্রণব হালদার। শিরসাগর শাও, রিজো জোস ও শান্তনু দত্ত চাকরির বাজার সম্পর্কে মতামত রাখেন ও শিক্ষার্থীদের ফায়ার সেফটি বিষয়ে সেমিনার উপস্থাপনা ও দক্ষতার বিচার করেন। দেখানো হয় মাল্টিমিডিয়া ও অ্যানিমেশনের ওপর কোভিড ১৯' বিষয়ের তথ্যচিত্র 'ফ্রন্টলাইনার'। পরিচালক ছিলেন রূপক ভট্টাচার্য।

শ্রীমতী টেকনো ইনস্টিটিউট প্রায় ৪ দশক ধরে ফ্যাশন ও ইন্টেরিয়র ডিজাইনিং কোর্স পড়িয়ে দক্ষ পেশাদার তৈরি করে চলেছে। প্রদর্শনীতে ইন্টেরিয়র ডিজাইনিং বিভাগের ছাত্রছাত্রীরা নানা সৃজনশীল থিম নিয়ে ৩টি স্টল দিয়েছিল। বিচারের দায়িত্বে ছিলেন এবিআইডি-এর সদ্যসরা। তাঁরা ডিজাইনিংয়ের টক শোতে অংশ নেন। ছিলেন পার্থ ব্যানার্জি (পরিচালক, পার্পল ইন্টেরিয়র), দুলাল পল (পরামর্শদাতা, আলাকা ইন্টিওর), অর্পিতা সেন চক্রবর্তী (বাস্তু পরামর্শক)। ফ্যাশন বিভাগের প্রদর্শনীও ছিল জমকালো। ফ্যাশন ডিজাইনিংয়ের শিক্ষার্থীরা নিজেদের নকশায় তৈরি পোশাক পরে র‍্যাম্প শোয়ে অংশ নেন। ফ্যাশন শোয়ে বিচারক ছিলেন রিয়া গুপ্তা, অনুশ্রী মালহোত্রা আর ইরানি মিত্র। ফ্যাশন ও ডিজাইনের প্রদর্শনী ছাড়াও ছিল ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল আর ফায়ার সেফটি স্টল। প্রাক্তনীদের অংশগ্রহণ অনুষ্ঠানকে আরো আকর্ষণীয় করে তোলে। নানা বিভাগ থেকে অংশ নেন যোগেন্দ্র প্রসাদ (যোগী), দীপ্তি কুইনি লাল, তিয়াশা, লাবনী, শুভঙ্কর দাস। পারফরম্যান্সের ভিত্তিতে সবার হাতে পুরস্কার তুলে দেন শ্রীমতী টেকনো ইনস্টিটিউট ও শ্রীমতী পিভিটি আইটিআই-এর পরিচালক বি এন পতি। দর্শক আসনে ২ সংস্থার শিক্ষার্থী, কর্মী ও অন্যান্যরা অনুষ্ঠান উপভোগ করেন। পরামর্শদাতা ছিলেন সুমন কর, মৌমিতা আচার্য, মৌসুমী ব্যানার্জি, শুভঙ্কর ভট্টাচার্য, সৌমেন ঘোষ। আর আড়ালে থেকে ২ দিনের ইভেন্টকে সফল হতে সাহায্য করেন দেবু দাস, রূপ কুমার গোস্বামী, সুব্রত মল্লিক, বলরাম হালদার, সুমন সিংহ, রানী রায়, কাশীনাথ ঘোষ, এম সি বিশ্বাস, বাসুদেব প্রামাণিক, সুচিস্মিতা পতি ও আরো অনেকে।

## কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত

# প্যারামেডিক্যালের নানান কর্মমুখী কোর্সে ভর্তি চলছে

নিজস্ব সংবাদদাতা, কল্যাণী : কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত Susrijo Institute of Paramedical Technology and Optometry-তে নতুন অ্যাকাডেমিক সেশনে এই ১২টি কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে : (১) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অপথ্যালমিক টেকনিক, (২) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক, (৩) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক, (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক, (৫) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনিক অ্যান্ড ওরাল হাইজিন, (৬) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি, (৭) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি। (৮) ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফি টেকনিক অ্যান্ড পিএফটি, (৯) ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান। সবক'টি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ। তবে কমার্স ও আর্টস শাখার ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে তাদের ১ বছরের একটি ব্রিজ কোর্স 'প্রি অপ্টোমেট্রি অ্যান্ড প্রি টেকনোলজি' মূল কোর্সের সাথে একই সঙ্গে করে নিতে হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ।

এখানে মাধ্যমিক যোগ্যতায় ভর্তি নেওয়া হচ্ছে এই কোর্সে : (১) সার্টিফিকেট ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগ, (২) সার্টিফিকেট ইন স্যানিটরি ইন্সপেকশন। দু'টি কোর্সের মেয়াদ ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এছাড়াও গ্র্যাজুয়েটদের জন্য চাকরির উপযোগী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স পড়ানো হয়। সময়সীমা ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এই কোর্স করার পর ছাত্রছাত্রীদের বেসরকারি ক্ষেত্র ছাড়াও সরকারি হাসপাতালে অ্যাসিস্ট্যান্ট সুপার পদে চাকরি পাওয়ার সুযোগ আছে।

ছাত্রছাত্রীরা এখানে ক্রেডিট কার্ডের মাধ্যমে ব্যাঙ্ক লোনের সুবিধা পাবে। কোর্স করার সময় ছাত্রছাত্রীরা পাবেন সরকারি স্কলারশিপ গ্রহণের সুযোগ। এছাড়াও রয়েছে মাসিক কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুযোগ। দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। কোর্স শেষে ছাত্রছাত্রীরা The West Bengal Allied-Medical and Para-Medical Council-এ নাম নথিভুক্ত করতে পারবে। এখান থেকে পাশ করার পর ছেলেমেয়েদের পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর ছাড়াও বিভিন্ন সরকারি, বেসরকারি হাসপাতালে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : Susrijo Institute of Paramedical Technology and Optometry (SIPTO), মেইন ক্যাম্পাস কৃষ্ণনগর : Webel IT Park, Krishnagar, Nadia (Near Krishnagar Horticulture Office). Ph. : 7001279061, 7602656588.

বহরমপুর স্টাডি সেন্টার : 20/1 Madhupur Road, P.O & P.S : Berhampore, Dist. - Murshidabad, WB. Ph. : 6295273218, 6382415291. ওয়েবসাইট : www.sipto.org ই-মেল : www.sipto19@gmail.com

# কল্যাণীর এইমসের পাশে মেয়েদের জন্য সরকার স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজে নতুন সেশনে ভরতি শুরু



*নার্সিংকে পেশা হিসাবে নিলে কোর্স শেষে নিশ্চিত চাকরি। গুরুত্বপূর্ণ এই কোর্সের খুঁটিনাটি ব্যাপারে জানালেন, মেয়েদের জন্য রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজ, কল্যাণীর এইমসের পাশে গড়ে ওঠা 'সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চ'এর ডিরেক্টর মালবিকা ভট্টাচার্য।*



INC, WBNC ও WBUHS স্বীকৃত নার্সিং কলেজ, সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চে B.Sc ও GNM নার্সিং কোর্সে ভরতি শুরু হয়েছে। কল্যাণী এইমসের পাশে থাকা এই কলেজটি মেয়েদের জন্য এখন রাজ্যের অন্যতম সেরা নার্সিং প্রতিষ্ঠান। কলেজের ডিরেক্টর মালবিকা ভট্টাচার্যের মুখ থেকে শুনে নেওয়া যাক এর যথাযথ কারণ — "(১) দেখুন প্রথমেই আমরা যে বিষয়ে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছি তা হল রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অনুমোদন অর্থাৎ, আমাদের কলেজ থেকে নার্সিং পাশ করলে মেয়েরা যে সার্টিফিকেট পাবেন তা রাজ্য সরকার (WBNC/WBUHS) ও কেন্দ্রীয় সরকার (INC) নার্সিং কাউন্সিল অনুমোদিত — যা সবাইকে কোর্স শেষে প্লেসমেন্ট (সরকারি বা, বেসরকারি) পেতে ১০০% সাহায্য করবে। (২) আমাদের কলেজের নার্সিং ফ্যাকাল্টি অত্যন্ত উচ্চমানের — যা মেয়েদের হাতে-কলমে ঠিকঠাক নার্সিং শেখাতে অনেকাংশে সাহায্য করবে। এছাড়াও দীর্ঘ এক দশকের ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকায়, মেয়েরা তাঁদের কাছ থেকে 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড নার্সিং' শিখতে পারবে, যা রাজ্যের মধ্যে খুব কম কলেজেই আছে। (৩) এটা আমরা সবাই জানি, নার্সিং ট্রেনিংয়ের জন্য সবচেয়ে জরুরি হল প্র্যাক্টিক্যাল। এক্ষেত্রে আমাদের কলেজের সঙ্গে সরকারি হাসপাতালের স্পেশাল টাই-আপ থাকায়, এখানে উন্নত মানের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের সুবিধা আছে। (৪) এই কলেজের প্লেসমেন্ট টিম অত্যন্ত সুদক্ষ — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের নামী-দামী হাসপাতাল/নার্সিং হোম / ডায়গনস্টিক্স সেন্টার / মেডিক্যাল সার্ভিস সেন্টার'এর সঙ্গে যোগাযোগ রাখে, যা এখান থেকে পাশ করা মেয়েদের প্লেসমেন্ট পেতে সাহায্য করবে। (৫) মফঃস্বলের মধ্যে এত কম কোর্স ফী'তে এত উন্নত মানের নার্সিং ট্রেনিংয়ের সুবিধা আর কোথাও নেই বললেই চলে। (৬) এইমস কল্যাণীর পাশে থাকায় অনেক সময় গেস্ট ফ্যাকাল্টি হিসাবে গ্রেড-এ মেট্রন / নার্সিং অফিসারেরা ক্লাস নেন — যা অন্য কোনো কলেজে হয় না।" উল্লেখ্য, এইমস কল্যাণীর পাশে গড়ে ওঠা এই নার্সিং কলেজে, যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে পাশ করলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো কড়াকড়ি নেই অর্থাৎ, যে কোনো বয়সের মেয়েরা ভরতি হতে পারেন। এছাড়াও এখানে এডুকেশন লোন / স্টুডেন্টস ক্রেডিট কার্ড-সহ সব ধরনের সরকারি স্কলারশিপের সুবিধা আছে। একথা নিঃসন্দেহে বলা যায়, খুব কম খরচে GNM অথবা B.Sc নার্সিং পড়ানোর এত ভালো প্রফেশনাল নার্সিং কলেজ রাজ্যের মধ্যে খুব সামান্যই আছে। হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। মেয়েরা বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না। কলেজে ভরতি হওয়ার জন্য হেল্প লাইন নম্বর : 9903205182, 8017656252. এছাড়া ভরতির জন্য সরাসরি যোগাযোগ করুন এই ঠিকানায় : Gate No. 7 (Near AIIMS, Kalyani), Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246.

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
CLERKSHIP
২০২৩ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ~~৬০০/- টাকা~~ ৩০০/- টাকা
সাফল্য
সাফল্য সাধারণ জ্ঞান

## এয়ার ইন্ডিয়ায় ৭০৬

১ পাতার পর

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এয়ারলাইন্স, এয়ার টিকেটিং, কার্গো সংক্রান্ত কাজে অভিজ্ঞতা / এয়ারলাইন ডিপ্লোমা / IATA-UFTAA/IATA-FIATA / IATA-DGR / IATA-Cargo সংক্রান্ত কাজে ডিপ্লোমা কোর্স পাশ হলে অগ্রাধিকার পাবেন। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। চাকরি হবে ৩ বছরের চুক্তিতে। মূল মাইনে : ২৭,৪৫০ টাকা। শূন্যপদ : ৭০৬টি। চাকরি হবে মুম্বইয়ে।

প্রার্থী বাছাই হবে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে। কবে কোথায় ইন্টারভিউ হবে তা জানিয়ে দেওয়া হবে। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স নিয়ে যাবেন।

দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন, ১৪ জুলাইয়ের মধ্যে, এই গুগল ফর্মে : https://forms.gle/S5rQCeWWZbz9Qewt8 তখন পরীক্ষা ফী বাবদ ৫০০ টাকার ডিমান্ড ড্রাফট কাটতে হবে। 'AI Airport Services Limited' এর অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'Mumbai'. আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.aiasl.in

মৌলনা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (MAKAUT) স্বীকৃত

## ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) কোর্স করে প্রচুর সরকারি ও বেসরকারি চাকরির সুযোগ সহ সুনিশ্চিত চাকরি ও ১০০% কেরিয়ার এর সুযোগ

**নিজস্ব সংবাদদাতা** : এবার চাকরি আপনাকে খুঁজবে। পশ্চিমবঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয় মৌলনা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (MAKAUT) স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে সুনিশ্চিত চাকরি ও ১০০% গ্যারান্টেড কেরিয়ার এর সুযোগ সহ সীমিত আসনে ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) কোর্সে ভতি চলছে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্র ও ছাত্রীরা কোর্সটি করতে পারেন। গুরুকুল এডুটেক কলেজ ১৫ বছরের পুরোনো এবং স্বনামধন্য একটি প্রতিষ্ঠান যার হাজার হাজার পাশ করা ছাত্র ছাত্রীরা আজ কলেজ থেকে চাকরি পেয়ে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে দেশ ও বিদেশে কর্মরত ও সুপ্রতিষ্ঠিত। তাই বাংলার প্রতিটি জেলার ছাত্র ছাত্রী ও অভিভাবকদের প্রথম পছন্দ এই কলেজ। কলেজের ক্যাম্পাস এ রয়েছে নিজস্ব সুবিশাল অত্যাধুনিক এগ্রিকালচার ফার্ম, একের পর এক অত্যাধুনিক ল্যাবরেটরি, অভিজ্ঞ ও প্রাক্তন পূর্বভাবতের সেরা প্রফেসরদের কাছে শিক্ষালাভের সুযোগ। প্রথম বর্ষ থেকেই ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন কোম্পানিতে ও শিল্পক্ষেত্রে রয়েছে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে। সাথে থাকবে ইন্ডাস্ট্রিতে ইন্টার্নশীপ। কোর্স শেষে থাকবে ক্যাম্পাস ইন্টারভিউ এবং সবার হাতে দেশি বিদেশি নামকরা সংস্থাতে চাকরির এপয়েন্টমেন্ট লেটার। শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূর্ব ভারতে প্রতি বছর কয়েকহাজার ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) পাশ ছাত্র-ছাত্রী এখনই দরকার যা আগামী দিনে কয়েকগুন বাড়বে। তাই গুরুকুল এডুটেক কলেজে ভর্তির জন্য এবং নিজের জীবন এবং সুনিশ্চিত কেরিয়ারের জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায় গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 8981611881, 7059918186, ওয়েবসাইট : www.gurukulinstitute.org.in

## নামী সংস্থায় সেলস পার্সন

নিজস্ব সংবাদদাতা, কলকাতা: রাজ্যের অন্যতম নামী প্রতিষ্ঠানে 'সেলস পার্সন' হিসাবে কিছু ছেলে নেওয়া হবে। উচ্চমাধ্যমিক পাশ করলে আবেদনের যোগ্য। বয়স হতে হবে ২০ থেকে ৩৫ বছরের মধ্যে। নিয়োগ হবে ওয়াক-ইন-ইন্টারভিউ এর মাধ্যমে। ইন্টারভিউ-এর তারিখ জানানো হবে রেজিস্টার্ড ইমেল আইডির মাধ্যমে। ইচ্ছুক প্রার্থীরা CV পাঠান এই ইমেল আইডিতে : info@adairdutt.com অথবা হোয়াটসঅ্যাপ করুন 9230070314 নম্বরে।

### সংশোধনী

৬ জুলাই, ২০২৪ সংখ্যার কর্মসংস্থান কাগজে 'মাইক্রোফিনান্স কয়েকশো অফিসার, ম্যানেজার' শীর্ষক প্রতিবেদনে সিভি পাঠাতে হবে এই ই-মেল আইডিতে : hr.ssvws.bengal@gmail.com ও হোয়াটসঅ্যাপ করতে হবে 6290486130 নম্বরে।


**প্রগতি ITI-এ ভর্তি**
**বহরমপুর ও কৃষ্ণনগরে**

NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২৪ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তি চলছে

কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার

বহরমপুর : 9434900500
কৃষ্ণনগর : 9434900700

**BUILD A CAREER IN AGRICULTURE**

JIS College of Engineering, Kalyani | JIS University

**B.Sc (Hons.) AGRICULTURAL SCIENCE**
(ICAR-guidelines based curriculum)

**B.TECH IN AGRICULTURAL ENGINEERING**
(AICTE Approved)
Duration: 4 years

Merit Scholarships Available

উচ্চমাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীর জন্য কৃষি বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার মাধ্যমে কেরিয়ার গড়ার এক সুবর্ণ সুযোগ | সরকারি ও বেসরকারি ক্ষেত্রে AICTE স্বীকৃত এবং ICAR সমতুল্য পাঠ্যক্রম | প্লেসমেন্ট এ সর্বত্র সহযোগিতা |

**ADMISSIONS OPEN 2024**

| B.SC (Hons.) AGRICULTURAL SCIENCE – JIS UNIVERSITY | B.TECH AGRICULTURAL ENGINEERING – JIS COLLEGE OF ENGINEERING |
|---|---|
| Eligibility: Minimum 50% in 10+2 & 45% in PCB combination & qualifiy through JET (JISU Entrance Test) | Eligibility: Through WBJEE, E-counselling or CEE-AMPAI-WB-2024 (As per WBJEE 2024 rank) |

**CAREER OPPORTUNITY**
State and Central Govt. Specialized Officer as ADA, Food Safety FCI, Warehouse Corporation, NABARD FSSAI in Plant Protection, Soil Conservation, Forest Department Nationalized Banks as Field Officer Probationary Officer, Assistants Corporate sectors in Seed producing, Agri-chemicals, Food Processing, Biofertilizers, Microbial fertilizers Companies

Block A, Phase III, Kalyani-741235
For B.Sc. (Hons) Agri : 6294045510, 9088431806
For B.Tech (Agri. Eng.) : 8240729310, 8777341448
www.jisgroup.org | www.jisuniversity.ac.in

# GENEX SUPTENNDU GROUP

## ট্রেনিং শেষে হাসপাতালে বা Health Sector-এ চাকরি সুনিশ্চিত করতে চান?

ADMISSION GOING ON

আগ্রহী ছাত্রছাত্রীরা সত্বর যোগাযোগ করুন : শেষ সুযোগ!!

খুব কম খরচে ছেলেদের নার্সিং পড়ার সুযোগ
**GNM (Male)** মাত্র 3.5 লাখ টাকায়
**LAKSHMI NURSING INSTITUTE**
Affiliated By : W.B.N.C. / Recognised By : I.N.C

খুব কম খরচে মেয়েদের নার্সিং পড়ার সুযোগ
**GNM (Female)** মাত্র 2.5 লাখ টাকায়
**BASUDEB NURSING ACADEMY**
Affiliated By : W.B.N.C. / Recognised By : I.N.C

খুব কম খরচে ফার্মেসি পড়ার সুযোগ
**D.PHARMA** মাত্র 1.6 লাখ টাকায়
**Genex College of Pharmaceutical Science & Technology**
Affiliated by WBSCTVE & SD Approved by PCI

শেষ সুযোগ শেষ সুযোগ শেষ সুযোগ
**D.El.Ed.** মাত্র 35 হাজার টাকায়
2024-26 Session-এ D.El.Ed.-এ ভর্তির শেষ সুযোগ
**Suptendu Memorial D.Ed. College**
Affiliated by WBBPE & Recognised by NCTE

Address: Sugandha, Hooghly-712102 (5 minutes from Chinsurah Station)
9748305453, 8335083933, 8100613849, 8335063512

# ব্যবসা

## ম্যারেজ ব্যুরো

১ পাতার পর



সুকৃৎ বসু

পরিষেবা দেয়। কিছু বিবাহ সংস্থা উপযুক্ত পাত্র-পাত্রী পক্ষের মধ্যে বৈঠকের ব্যবস্থাও করে থাকে।

**ভারতে অনলাইন ম্যাট্রিমনিয়াল ব্যবসা শুরু করা :**

অনলাইন বিবাহ ব্যবসা শুরু করতে প্রথমেই দরকার এক ওয়েব পোর্টাল।এই পরিষেবাকে বাজারজাত করতে হবে, যাতে লোকেরা এ সম্পর্কে জানতে পারে।

প্রাথমিকভাবে রাজ্য জুড়ে এই ব্যবসা না শুরু করাই সমীচীন। কারণ এতে বিজ্ঞাপন বা বিপণনের জন্য বেশি টাকা খরচ হবে। তাই প্রথমে ব্যবসা স্থানীয়ভাবে দেখা উচিত, যেমন পঞ্জাবী বিবাহ, বাঙালী বিবাহ, পাহাড়ি বিবাহ ইত্যাদিতে। একটি রাজ্য বা অঞ্চলে থাকা ব্যক্তিদের লক্ষ্যে ক্লায়েন্ট টানা আর তাঁদের মধ্যে অনলাইন পোর্টাল জনপ্রিয় করা উচিত। আপনার অনলাইন পোর্টালে সাবস্ক্রাইব করে তাদের নিবন্ধন করার জন্য বিবাহের ব্যবসার প্রচার বেশি জরুরি।

**ম্যারেজ ব্যুরো ব্যবসা ভারতে শুরু করার পদক্ষেপ :**

(১) স্থানীয়ভাবে বা জাতিগতভাবে ব্যবসা করতে চান কিনা তা আগে ঠিক করুন। (২) একক ভাবে বা অংশীদারদের সঙ্গে মিলে বিয়ের ব্যবসা শুরু করতে চান কিনা তা ঠিক করুন। (৩) এই ব্যবসার জন্য নির্ধারিত লাইসেন্স আর রেজিস্ট্রেশন করতে হবে। (৪) কোনো ডেভেলপার বা ডিজাইনারকে দিয়ে বৈবাহিক ওয়েবসাইট তৈরি করুন। (৫) ব্যবসার জন্য টার্গেট অডিয়েন্স স্থির করতে হবে। (৬) সোশাল মিডিয়া, স্থানীয় সংবাদপত্র, মুখের কথা ইত্যাদির সাহায্যে আপনার অনলাইন ও অফলাইন বিয়ের ব্যবসার বাজারের প্রচার করুন।

**ম্যারেজ ব্যুরো কি লাভজনক ব্যবসা :**

ভারতে ম্যারেজ ব্যুরো খুবই লাভজনক জনপ্রিয় ব্যবসা। এতে খরচ কম, আয় বেশি। মুম্বই, দিল্লি, পুণে, কলকাতা, বেঙ্গালউরুর মতো শহরে অনেক ম্যারেজ ব্যুরো সাধারণভাবে ১,০০০ টাকা থেকে ৫,০০০ টাকা পর্যন্ত প্রতিটি নিবন্ধনের জন্য নিয়ে থাকে। বিশেষ বিশেষ ক্ষেত্রে প্রার্থী প্রতি ১০,০০০ টাকা পর্যন্তও নিয়ে থাকে। অনেক সংস্থা আবার এটিকে সামাজিক পরিষেবা হিসাবেও বিবেচনা করে কোনো পারিশ্রমিক নেয় না।

**বিবাহ ব্যুরো শুরু করতে কী কী পদক্ষেপ দরকার :**

(১) একটি ভালো ব্রশিওর প্রিন্ট করতে হবে, যাতে বিশদ বিবরণ থাকবে — ভূমিকা, অফার, নিয়ম, ফী, অফিসের ঠিকানা, ফোন নম্বর, ই-মেল, সাপ্তাহিক ছুটির দিন। অন্যান্য বিবাহ ব্যুরোর ব্রশিওর দেখেও নিজেরটা আরো উন্নত মানের করা যায়। (২) একটি রেজিস্ট্রেশন ফর্ম প্রিন্ট করে রাখতে হবে যাতে নিম্নলিখিত ক্ষেত্রগুলি অন্তর্ভুক্ত থাকে — (ক) প্রার্থীর ফটো সহ নাম, (খ) জন্মতারিখ, (গ) উচ্চতা, (ঘ) ওজন, (ঙ) শিক্ষাগত যোগ্যতা, (চ) পেশা, (ছ) মাসিক আয়, (জ) ধর্ম, (ঝ) সম্প্রদায়/জাতি, (এঃ) ভাষা, (চ) ম্যাচ নিয়ে প্রত্যাশা, (ছ) যোগাযোগের ঠিকানা ইত্যাদি।

(৩) নিজের সম্প্রদায়ের লোকদের আপনার বিবাহ ব্যুরো সম্পর্কে জানতে দিন। প্রার্থীদের ঠিকানায় আপনার ব্রশিওর পাঠান। কমিউনিটি ম্যাগাজিনে বিজ্ঞাপন দিন, প্রেস রিলিজ পাঠান। সোশাল নেটওয়ার্কিং সাইটের মাধ্যমে ম্যারেজ ব্যুরোর প্রচার করুন।

(৪) প্রতিটি প্রার্থীকে তাঁর সদস্য থাকার সময়কালে নিয়মিত উপযুক্ত ম্যাচের বিবরণ পাঠাতে হবে।

**প্রতিক্রিয়া পেতে বিশেষ কৌশল :**

যখন লোকের কাছে নিবন্ধন ফর্ম পাঠাবেন, তখন একটি ছাড় বা ছাড় অফার করুন আর ছাড়ের জন্য সময়সীমা বা মেয়াদ শেষ হওয়ার তারিখ সেট করুন। এটি তাড়াতাড়ি প্রতিক্রিয়া পেতে সাহায্য করবে।

**গেট-টুগেদারের ব্যবস্থা করা :**

প্রতি বছর একবার বা দু'বার বিবাহমনস্ক মেয়ে আর ছেলেদের সঙ্গে পরিবার ডেকে মিলন মেলার ব্যবস্থা করলে লাভজনক হতে পারে। এই মিলনমেলায় প্রার্থীদের নিজেদের পরিচয় দিতে হয়। এই ধরনের গেট-টুগেদার বিবাহ ব্যুরোর জনপ্রিয়তা বাড়ায় আর সেইসঙ্গে বিবাহ যোগাযোগ ও সম্বন্ধ সুস্থির করতে সহায়তা করে। তাছাড়া গেট-টুগেদারে অংশগ্রহণে আলাদা চার্জ করলে এটি থেকেও প্রচুর অর্থও উপার্জন করা যায়।

**এই ব্যবসা কীভাবে চালাবেন :**

শুরুতে এই ব্যবসা বাড়ি থেকে করা উচিত। আস্তে আস্তে প্রচার বাড়ার পাশাপাশি ভালো সাড়া মিললে আলাদা অফিস করে পরিচালনা করাই সমীচীন হবে।

**এই ব্যবসা সুস্থিরভাবে চালাতে কী কী থাকা দরকার :**

(১) **অফিস :** কোনো বাণিজ্যিক জায়গায় একটি অফিস থাকা ভালো।

(২) **কম্পিউটার :** ডাটাবেস সংরক্ষণের জন্য আবশ্যক।

(৩) **লেজার প্রিন্টার :** অক্ষর, ডাটাবেস মুদ্রণের জন্য।

(৪) **ইন্টারনেট সংযোগ :** মানুষের সঙ্গে যোগাযোগ রাখতে।

(৫) **কমিউনিটি ম্যাগাজিন :** সম্প্রদায়ের সঙ্গে যোগাযোগ রাখতে।

(৬) **সহকারী :** যোগাযোগ সংক্রান্ত কাজের জন্য।

(৭) **স্টেশনারি ও সরবরাহ :** লেটারহেড, রাবার স্ট্যাম্প ইত্যাদি।

(৮) **ওয়েবসাইট :** নিজস্ব ওয়েবসাইট দরকার।

**আইনি সমস্যা :**

কিছু রাজ্যে এক বিশেষ আইনের অধীনে বিবাহ ব্যুরো নিবন্ধন করতে হবে। যেহেতু এটি একটি বিশেষ পরিষেবা বা ব্যবসা, তাই পরিষেবা কর দিতে বাধ্য।

**কয়েকটি বিখ্যাত ও বিশ্বস্ত ম্যাট্রিমনি সংস্থা :**

(১) Bharat Matrimony.com

(২) Jeevansathi.com

(৩) Shaadi.com

(৪) Vivaah.com

(৫) RVD Matrimonial Services

**উপসংহার :**

ম্যারেজ ব্যুরো ব্যবসা নিঃসন্দেহে লাভজনক। তবে ব্যবসার শ্রীবৃদ্ধির জন্য কিছুটা সময় লেগে যেতে পারে। খুব কম খরচে শুরু করা যায়। অনলাইন বা অফলাইনেও এ ব্যবসা করা যায়। সম্বন্ধ ঠিক হলে এই ব্যবসায় তৃপ্তিও মেলে।

## হোটেল ম্যানেজমেন্ট পড়ে দেশ-বিদেশের হাসপাতাল, এয়ারপোর্ট, জাহাজে নিশ্চিত চাকরির সুযোগ

**নিজস্ব সংবাদদাতা, নদিয়া :** মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েদের উজ্জ্বল ভবিষ্যত তৈরির জন্য 'হোটেল ম্যানেজমেন্ট' কোর্স পড়া দরকার। হোটেল ম্যানেজমেন্ট কোর্স পাশ করে এয়ার লাইন্স, এয়ার ইন্ডিয়া, এয়ারপোর্ট অথরিটি, ক্রুজলাইন, জাহাজ, হাসপাতাল, মাল্টিন্যাশনাল কোম্পানি ও ট্যুরিজম বিভাগে বিভিন্ন পদে নিশ্চিত চাকরির সুযোগ পাওয়া যায়। বেসরকারি সংস্থার পাশাপাশি সরকারি সংস্থাতে প্রচুর চাকরির সুযোগও আছে।

কল্যাণী গ্লোবাল স্কুল অফ ম্যানেজমেন্টে 'হোটেল ম্যানেজমেন্ট'এর ডিগ্রি, ডিপ্লোমা আর হোটেল অপারেশনের সার্টিফিকেট কোর্স পড়ানো হচ্ছে। ফী সাধারণ মধ্যবিত্ত মানুষের সাধ্যের মধ্যে। এখানে স্টুডেন্ট লোন ও স্টুডেন্ট ক্রেডিট কার্ডের সুবিধা আছে। কোর্স চলার সময় ৪-৫ হাজার টাকা আয়ের সুযোগ পাবেন। কোর্স শেষ হওয়ার সঙ্গে সঙ্গে জাপান, দুবাই, বাহরিন, কাতার, ওমান, সিঙ্গাপুর, মালয়েশিয়া, ব্যাঙ্কক -সহ দেশ ও বিদেশের হোটেল, হাসপাতাল, মাল্টিন্যাশনাল কোম্পানি, এয়ার লাইন্স ও জাহাজে চাকরির নিশ্চিত সুযোগ আছে। কোর্স চলার সময় এখানে জাপানি ভাষা ফ্রী'তে শেখানো হয়। ভরতি সংক্রান্ত তথ্যের জন্য এখনই যোগাযোগ করুন এই ঠিকানায় : গ্লোবাল স্কুল অফ ম্যানেজমেন্ট, কল্যাণী সেন্ট্রাল পার্ক, নদিয়া। ফোন : 9433947225, 9062269582.

## সেন্ট্রাল ফুটওয়্যার ট্রেনিং ইনস্টিটিউটে ফুটওয়্যার ডিজাইন কোর্সে ভরতি

কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্প মন্ত্রকের অধীন সেন্ট্রাল ফুটওয়্যার ট্রেনিং ইনস্টিটিউট চলতি সেশনে ৫টি কর্মমুখী কোর্সে ভরতি নিচ্ছে। কোর্সের নাম, শিক্ষাগত যোগ্যতা ও মেয়াদ হল- (১) অ্যাডভান্সড সার্টিফিকেট ইন ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড প্রোডাক্ট ডেভেলপমেন্ট, উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা ভরতির জন্য আবেদন করতে পারেন। মেয়াদ ১ বছর। বয়স হতে হবে কমপক্ষে ১৭ বছর, সীট ২০টি। (২) সার্টিফিকেট কোর্স ইন ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড প্রোডাকশন, মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেয়াদ ৬ মাস, সীট ৩০টি। বয়স হতে হবে কমপক্ষে সাড়ে ১৭ বছর। (৩) সার্টিফিকেট ইন ম্যানুফ্যাকচারিং অফ নন-লেদার ফুটওয়্যার, শিক্ষাগত যোগ্যতা ও মেয়াদ আগের মতো। সীট ১৫টি। বয়স হতে হবে কমপক্ষে সাড়ে ১৭ বছর। (৪) সার্টিফিকেট ইন শু কম্পিউটার অ্যাডেড ডিজাইন (শু ক্যাড), মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেয়াদ ৩ মাস, সীট ১৫টি ও বয়স হতে হবে কমপক্ষে ১৮ বছর। (৫) সার্টিফিকেট ইন ম্যানুফ্যাকচারিং অফ লেদার গুডস অ্যান্ড অ্যাক্সেসারিজ, মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেয়াদ ৩ মাস, সীট ১৫টি ও বয়স হতে হবে কমপক্ষে ১৮ বছর। মেধার ভিত্তিতে ও কাউন্সেলিংয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। দরখাস্ত জমা দেওয়ার শেষ দিন ২০ জুলাই। কোর্স শুরু ২০ আগস্ট থেকে। ১০০ টাকা দিয়ে হাতে হাতে কোর্স ডিটেলস ও ফর্ম পাবেন এই ঠিকানায় — সেন্ট্রাল ফুটওয়্যার ট্রেনিং ইনস্টিটিউট, ইসি-কলকাতা, ১১১ ও ১১২ বি টি রোড, কলকাতা- ৭০০১০৮। ফর্ম ডাকযোগে নিতে চাইলে ১০০ টাকার ডিমান্ড ড্রাফ্ট পাঠাতে হবে ডিরেক্টর, সিএফটিআই, আগ্রা-র অনুকূলে। এছাড়াও ফর্ম ডাউনলোড করতে পারেন এই ওয়েবসাইট- www.cftiagra.org.in থেকে। প্রতিটি কোর্স করার পর চাকরির পাশাপাশি রয়েছে নিজের উদ্যোগে ব্যবসা করার সুযোগ। যোগাযোগের ঠিকানা : MSME Development Facilitation Office, Central Footware Training Institute, FC-Kolkata, 111 & 112, B.T. Road, Kolkata-700 108, Ph : 7417418545, 8017124737.

## টেকনিক্যাল কোর্সে চাকরির সুযোগ

**নিজস্ব প্রতিনিধি, বহরমপুর :** বিগত বছরগুলিতে আই.টি.আই পাশ ছেলেমেয়েদের যেমন চাহিদা ছিল, আগামী দিনেও ITI কোর্স পাশ ছেলেমেয়েদের চাহিদা দিন-দিন আরো বাড়বে। প্রতি বছর কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন ক্ষেত্রে আই.টি.আই পাশ ছেলেমেয়েদের প্রচুর নিয়োগ করা হয়। এছাড়া যে কোনো চাকরির ক্ষেত্রে আই.টি.আই কোর্স পাশদের অগ্রাধিকার দেওয়া হবে। পাশাপাশি সেনাবাহিনীর চাকরির ক্ষেত্রেও আই.টি.আই পাশদের অগ্রাধিকার দেওয়া হবে। তাই বিশ্বস্ত প্রতিষ্ঠান থেকে অল্প খরচে আই.টি.আইয়ের কোর্স করে নিজেকে স্বাবলম্বী করে তুলুন। আই.টি.আইয়ের সেরকমই এক নির্ভরযোগ্য প্রতিষ্ঠান হল 'প্রগতি প্রাইভেট আই.টি.আই' (বহরমপুর ও কৃষ্ণনগরে প্রগতি আই.টি.আইয়ে নতুন সেশনে ভর্তি শুরু হয়েছে। সীট সীমিত। আগে আসার ভিত্তিতে নেওয়া হবে। যোগাযোগ- বহরমপুর : 9434900500। কৃষ্ণনগর : 9434900700।

**কোন ধরনের চাকরির পরীক্ষায় কীভাবে তৈরি হবেন, কোন বিষয়ে কী কী বই**

## চাকরির পরীক্ষায় সাফল্যের প্রস্তুতি

**পড়বেন, উত্তর কী মানের দেওয়া উচিত ও প্রস্তুতির সময় কোন-কোন দিকে নজর দিতে হবে, সে বিষয়ে প্রতি সংখ্যায় ধারাবাহিকভাবে সাফল্যের টিপস দিচ্ছেন নানান পরীক্ষার কৃতীরা।**

## পি.এস.সি'র পরীক্ষা দিয়ে কীভাবে এবছর ক্লার্ক পদে চাকরি পেলাম



**সেখ রাসেদ আলী**

উত্তর ২৪ পরগনা জেলার আমডাঙার সাধনপুর গ্রামের এক গরিব পরিবারের ছেলে আমি। বাবা জুট মিলে চাকরি করে আমাদের ২ ভাই বোনকে মানুষ করেন। লেখাপড়া শেখান। স্থানীয় স্কুল থেকে ২০০৫ সালে মাধ্যমিক পাশের পর ২০০৭ সালে উচ্চমাধ্যমিক পাশ করি। ২০১০ সালে আমডাঙা যুগল কিশোর মহাবিদ্যালয় থেকে ডিগ্রি কোর্স পাশ করি। এরপর বর্ধমান বিশ্ববিদ্যালয় থেকে পোস্ট গ্র্যাজুয়েট কোর্স শেষ করি। পড়ার পাশাপাশি নানা বেসরকারি সংস্থায় চাকরি করি। টানা ৪ থেকে ৫ বছর বেসরকারি সংস্থায় চাকরি করে অনিশ্চয়তা দেখে আগ্রহ হারিয়ে ফেলি। ২০১৬-'১৭ সাল থেকে সরকারি চাকরির পরীক্ষা দেওয়ার কথা ভাবি। ওই সময়ে যেসব পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোয়, সব পরীক্ষায় বসেছি। তার মধ্যে যেমন ছিল কেন্দ্রীয় সরকারের স্টাফ সিলেকশন কমিশনের পরীক্ষা, তেমনি ছিল রাজ্য সরকারের পাবলিক সার্ভিস কমিশনের নানা পরীক্ষা। বারবার অসাফল্যে যখন হতাশ হয়ে পড়ি, তখন প্রশিক্ষণের জন্য ভরতি হয়েছিলাম বারাসাতের এক নামি কোচিং কেন্দ্রে। এই কেন্দ্রের পরিচালক নুরুল ইসলাম আমাকে কাউন্সেলিং করে আলোর দিশা দেখান। পরামর্শ দেন কোন চাকরির পরীক্ষায় কীভাবে প্রস্তুতি নিতে হয়। ২০১৯ সালের বিজ্ঞপ্তি দেখে পাবলিক সার্ভিস কমিশনের ক্লার্কশিপ পরীক্ষার জন্য দরখাস্ত করি। প্রার্থী বাছাই করে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। প্রথমে নেওয়া হয় প্রিলিমিনারি পরীক্ষা। ১০০ নম্বরের মাল্টিপল চয়েজের পরীক্ষায় ছিল এই সব বিষয় : জেনারেল স্টাডিজ, ম্যাথমেটিক্স ও ইংরেজি। নেগেটিভ নম্বর ছিল। ৩টি ভুলের জন্য ১ নম্বর কাটা যায়।

প্রিলিমিনারি পরীক্ষার জেনারেল স্টাডিজ বিষয়ের জন্য পড়েছি 'কর্মসংস্থান' পত্রিকা, ইংরেজির জন্য পড়েছি পি কে দে সরকারের গ্রামার বই আর অঙ্কের জন্য আর এস আগরওয়াল দেখে অনুশীলন করি। এছাড়া প্রতিটি বিষয়ের জন্য কোচিংয়ের নোটস পড়েছি। প্রিলিমিনারি পরীক্ষায় কোয়ালিফাই করার পর ২০২১ সালে নেওয়া হয় মেইন পরীক্ষা। এতে ছিল ১০০ নম্বরের বাংলা আর ইংরিজি কম্পোজিশনের প্রশ্ন। প্রস্তুতির জন্য ২টি বিষয়ের গ্রামারের পাশাপাশি নিয়মিত লেখার অনুশীলন করি। এরপর নেওয়া হয় টাইপিং টেস্ট। মিনিটে ২৫টি শব্দ টাইপিং করতে দেওয়া হয়। নিয়মিত চর্চার মধ্যে ছিলাম বলে সমস্যা হয়নি। চূড়ান্ত সফল হয়ে এবছর ১৪ মার্চ শিলিগুড়িতে রাজ্য সরকারের সেচ ও জলপথ দফতরে ক্লার্ক পদে যোগ দিয়েছি। অভিজ্ঞতায় বলতে পারি, নেতিবাচক চিন্তা ছেড়ে বারবার পরীক্ষায় বসতে হবে। প্রথমবার সুযোগ না পেলে ভেঙে পড়লে চলবে না। বারবার চেষ্টা করতে হবে।

সাফল্যের কোনো শর্টকাট পথ নেই। একটাই উপায় ধারাবাহিক প্রস্তুতি আর অনুশীলনের মধ্যে থাকা। প্রস্তুতির জন্য গাইডেন্স খুব জরুরি।

# মাসে ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা আয়ের সুযোগ

নিজস্ব সংবাদদাতা, কলকাতা: গ্র্যাজুয়েট যোগ্যতায় চাইল্ড সাইকোলজির ওপর ৬ মাসের সার্টিফিকেট বা ১ বছরের ডিপ্লোমা কোর্স পড়ে চাইল্ড কাউন্সিলর হওয়ার মাধ্যমে মাসে ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা আয় করতে পারবেন। গ্লোবাল ইউনিভার্সিটির সার্টিফিকেট কোর্সটি করাবে চাইল্ড সাইকোলজিতে রাজ্যের অন্যতম সেরা প্রতিষ্ঠান জিনিয়াস মাইন্ড। এই কোর্স পড়ে কী হবে? উত্তরে সংস্থার ডিরেক্টর চন্দন চক্রবর্তী জানালেন যে, "এখান থেকে কোর্স করার পর কেউ চাকরি না পেয়ে বসে থাকবে না। এই কোর্স পড়ার পর চাকরি পাবেই। এই কোর্স পড়ে চাকরি হবে মূলত (১) রাজ্য ও দেশের সব বোর্ডের (ICSE, CBSE, WBBSE) স্কুলে, (২) স্বাস্থ্য বিভাগের বিভিন্ন দফতরে। এছাড়াও TET / CTET-এও আলাদাভাবে প্রাধান্য পাবেন। এই কোর্স পড়ে প্রতিমাসে আমাদের এখান থেকে কয়েকশো ছেলেমেয়ে পাশ করছে যাঁদের মাসিক আয় ন্যূনতম ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা।" B.Ed. পাশ ছেলেমেয়েদের ক্ষেত্রে Child Pedagogy বিষয়ের ওপর স্পেশাল ট্রেনিংয়ের ব্যবস্থা আছে-যা যেকোনো স্কুলের ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। ক্লাস শুরু হবে ৫ই আগস্ট থেকে। এখানকার কয়েকশো ছেলেমেয়ের মতো আপনিও যদি রোজগার করে স্বনির্ভর হতে চান তাহলে ফোন করুন এই নম্বরে : 9933130563, ওয়েবসাইট : https://geniusmind.co.in


**All India Institute of Local Self Government, Mumbai** অনুমোদিত ও সরকার স্বীকৃত

**Sanitary Inspector**

**ডিপ্লোমা কোর্সে ভর্তি চলছে**

যোগ্যতা : SI (H.S & Computer Basic)

শিক্ষান্তে সরকারী ও বেসরকারী ক্ষেত্রে কাজের সুযোগ যেমন — স্বাস্থ্যমন্ত্রক, রেল, Cantonment Board, পৌরসভা, পৌরনিগম, Port (Air & Sea), DVC, ও অন্যান্য ক্ষেত্রে।

কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের ডিরেক্টর জেনারেল অফ হেলথ সার্ভিসেস হেলথ ইন্সপেক্টর পদে লোক নিয়োগ হচ্ছে ও মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মাধ্যমে স্যানিটারি ইন্সপেক্টর পদে ২০ জন লোক নেওয়া হচ্ছে। যোগ্যতা : স্যানিটারি ইন্সপেক্টর পাশ।

**IIHT** 226 B. B. Ganguly Street Bowbazar, Kol-700012
9836396734, 7003224427, 9051260924
Website : www.iiht.in (11 AM to 4 PM)



স্বল্প খরচে Online-এ বিভিন্ন সরকারি চাকরির প্রশিক্ষণের জন্য আজই ভর্তি হন **e-Easy Learning 365 (App/Website)**

**Admission Open : ১৫ই জুলাই, ২০২৪ থেকে**

**পঞ্চায়েত দপ্তরে নিয়োগ** (Also for Other Gr-B, C & D Exams) এর ক্লাস শুরু (শূন্যপদ ৬৬৫২) • যোগ্যতা : ক্লাস ৮ পাশ থেকে গ্র্যাজুয়েট

১৫ই আগস্ট থেকে **WBCS-2024** এর ক্লাস (FREE REGISTRATION)

Upcoming : Police (SI/Constable), Combined Rail (ALP/Gr-D), SSC, Bank, Postal

**(M) : 8420 404 154 / 9831020531**

•email : eeasylearning365@gmail.com, •Web : www.e-easylearning365.co.in
•Youtube channel: youtube.com/@e-Easylearning365



**Erection Stringing Company**

**(1) Electrical Supervisor :** Requirements- (i) Minimum 3 years exprience in switchyard / sub-station execution / maintenance field. (ii) ITI / Diploma / B-tech in electrical. (iii) Male. **Job Location :** Anywhere in India

**(2) Civil Supervisor :** Requirements- (i) Minimum 3 years exprience in field work. (ii) ITI / Diploma / B-tech in Civil. (iii) Male. **Job Location :** Anywhere in West Bengal

**(3) Office Accountant :** Requirements- (i) Minimum Qualification Graduate. (ii) Expertise in MS Office. (iii) Should have good knowledge in GST/Tax. **Job Location :** Barasat / Amdanga, West Bengal

**(4) Store Keeper :** Requirements- (i) Minimum Qualification 10th class. **Job Location :** Amdanga, West Bengal

**Cont: 9831140082, 7602885343, 8617288960**



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর নিশ্চিত চাকরীর সুযোগ নিয়ে এল

**GLOBAL SCHOOL OF MANAGEMENT**

*A UNIT OF KALYANI SWAMIJEE WELFARE MISSION*

**HOTEL MANAGEMENT COURSE করে world এর যে কোনো প্রান্তে যে কোনো sector এ চাকরী নিয়ে নিজের ভবিষ্যৎ গড়ে তুলুন।**



কোর্স ফী সাধারণ মানুষের আয়ত্তের মধ্যে

Course গুলি হল —

- **Degree in Hotel Management** (3 years) (Degree awarded by IGTAMSU in Hotel Management

এছাড়া • **Diploma in Hotel Management** (2/3 years)

- **Certificate course in Hotel Operation** (12 months)
- কোর্স চলাকালীন 4000-5000 টাকা income এর সুযোগ।
- কোর্স শেষ হওয়ার আগেই চাকরী।

জাপানীজ ল্যাঙ্গুয়েজ কোর্স করে জাপানে চাকরির সুযোগ

**Student Loan ও Student Credit Card এর সুবিধা।**

USA-তে Direct চাকরি পাওয়ার সুযোগ

3 yrs. কোর্সের সাথে জাপানীজ ভাষা ফ্রীতে শেখার সুযোগ

এছাড়া দুবাই, বেহরিন, কাতার, ওমান, কুয়েত, সিঙ্গাপুর, মালয়েশিয়া, ব্যাংকক, AIRLINES & CRUISELINES-এ চাকরীর সুযোগ।

**Cont- 9433947225, 9062269582**

Website : www.globalschoolmgt.com



IQ CITY MEDICAL COLLEGE DURGAPUR

# PARAMEDICAL & ALLIED HEALTH SCIENCE

mani changeforgood EDUHEALTH

**COURSES OFFERED UNDER THE WEST BENGAL UNIVERSITY OF HEALTH SCIENCES**

- **Bachelor in Hospital Administration** (BHA)
- **Bachelor in Medical Laboratory Technology** (BMLT)
- **B. Sc. in Perfusion Technology** (PT)
- **B. Sc. in Critical Care Technology** (CCT)
- **B. Sc. in Operation Theatre Technology** (OTT)
- **Master in Hospital Administration** (MHA)
- **Master in Medical Laboratory Technology** - MMLT (Microbiology)
- **Master in Medical Laboratory Technology** - MMLT (Biochemistry)
- **Master in Applied Nutrition** (MAN)

**COURSES OFFERED UNDER STATE MEDICAL FACULTY OF WEST BENGAL**

- **Diploma in Medical Laboratory Technology** (DMLT)
- **Diploma in Radiography Diagnostic** (DRD)
- **Diploma in Optometry with Ophthalmic Technique** (DOPT)
- **Diploma in Cath-lab Technician** (DCLT)
- **Diploma in Critical Care Technology** (DCCT)
- **Diploma in Operation Theatre Technology** (DOTT)
- **Diploma in Perfusion Technology** (DPFT)
- **Diploma in Dialysis Technique** (DIALYSIS)



**89455 24319 | 74777 92024**

IQ City Road, Durgapur, West Bengal 713206 @iqcitymedcolofficial admissions@iqct.in www.iqcity.in

# এবার আসছি আমরা নদীয়ার কল্যাণীতে

এবছর মাধ্যমিক / H.S. দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে বছর কয়েকের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

## এসব জানাতেই হচ্ছে

# কেরিয়ার ফেয়ার

## ২৭ ও ২৮ জুলাই, ২০২৪ (শনি ও রবিবার)

## দ্যা গ্র্যান্ড আরিয়ানস হোটেল, কল্যাণী স্টেডিয়াম, কল্যাণী

থাকবে দেশ ও রাজ্যের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আইটিআই, নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচারাল আর অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ, চাকরির কোচিং ইনস্টিটিউটের স্টল

চাকরির খোঁজখবরের জন্য বিশেষ কাউন্সেলিং

বিনামূল্যে প্রবেশ

উপস্থাপনায় :

কর্মসংস্থান

থাকছে ফ্রি টিফিন

আকর্ষণীয় গিফট*

সুখবর | সাফল্য | সাফল্য সাধারণ জ্ঞান | Appointment & Career News

Title Sponsor : ncsm® NATIONAL COMPUTER SAKSHARTA MISSION

NATIONAL COMPUTER SAKSHARTA MISSION

Co-sponsor :

KALYANI Reliable

NEET | IIT-JEE | FOUNDATION | CUET

Career Development Service Provider

বিশদে জানতে ফোন করুন : 6291684943

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ এক নজরে

❑ মুম্বইয়ে এক অনুষ্ঠানে, এবছর মর্যাদাপূর্ণ 'গ্লোবাল প্রাইড অফ সিদ্ধি পুরস্কার' পেলেন সমাজকর্মী পবন সিদ্ধি। সমাজে উল্লেখযোগ্য অবদান ও মানবতার সেবায় নিজের জীবন উৎসর্গের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি।

৯ মে : ইনস্টল করা সৌর শক্তির ক্ষমতা দ্রুত বৃদ্ধির কারণে, ২০২৩ সালে জাপানকে ছাড়িয়ে বিশ্বের তৃতীয় বৃহত্তম সৌরবিদ্যুৎ উৎপাদক দেশে পরিণত হল ভারত। যুক্তরাজ্যের গ্লোবাল থিঙ্ক ট্যাঙ্ক 'এম্বার'এর মাধ্যমে প্রকাশিত 'গ্লোবাল ইলেক্ট্রিসিটি রিভিউ' রিপোর্টে এই তথ্য দেওয়া হয়েছে। রিপোর্টে বলা হয়েছে, ২০১৫ সালে এই ক্ষেত্রে নবম স্থানে ছিল ভারত, যারা ২০২৩ সালে তৃতীয় স্থানে রয়েছে।

১০ মে : 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক'এর এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন আর.লক্ষ্মী কান্ত রাও।

❑ ভারতে, চিনের নতুন রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন জু ফেইহং।

❑ রাশিয়ার প্রধানমন্ত্রী হিসাবে আবার নির্বাচিত হলেন মিখাইল মিশুস্তিন।

❑ এবছর 'হেনলে অ্যান্ড পার্টনারস' ও 'নিউ ওয়ার্ল্ড ওয়েলথ'এর তরফ থেকে করা বিশ্বের শীর্ষ ৫০টি ধনী শহরের তালিকায় স্থান পেল দুই ভারতীয় শহর মুম্বই ও দিল্লি। এই তালিকায় মুম্বইয়ের স্থান ২৪ ও দিল্লির স্থান ৩৭ তম।

❑ গভঃ কানেক্ট'এর তরফ থেকে সম্মানজনক 'পিএসইউ সমর্পন পুরস্কার' পেলেন 'হিন্দুস্তান শিপইয়ার্ড লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হেমন্ত খাত্রী। 'হিন্দুস্তান শিপইয়ার্ড লিমিটেড'কে রূপান্তরমূলক প্রবৃদ্ধির দিকে নিয়ে যাওয়ার ক্ষেত্রে তাঁর অটুট প্রতিশ্রুতি ও দূরদর্শী নেতৃত্বের জন্য এই পুরস্কার পেলেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, দেশের অগ্রগতিতে সরকারি খাতের উদ্যোগে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার দেওয়া হয়।

❑ 'দোহা ডায়মন্ড লিগ'এ রুপোর পদক পেলেন ভারতীয় জ্যাভলিন থ্রোয়ার নীরজ চোপড়া। ৮৮.৩৬ মিটার দূরত্বে জ্যাভলিন ছুঁড়েছেন তিনি। এই প্রতিযোগিতায় সোনার পদক পেলেন চেক প্রজাতন্ত্রের ইয়াকুব ভালদিচ। তিনি ছুঁড়েছেন ৮৮.৩৮ মিটার। ব্রঞ্জ পদক পেলেন গ্রেট ব্রিটেনের অ্যান্ডারসন পিটার্স। তিনি ছুঁড়েছেন ৮৬.৬২ মিটার।

❑ ভারতীয় পুরুষ বাস্কেটবল দলের প্রধান কোচ হিসাবে নিযুক্ত হলেন স্কট ফ্লেমিং।

১১ মে : মেঘালয়ের প্রথম মহিলা ডিরেক্টর জেনারেল অফ পুলিশ হিসাবে নিযুক্ত হলেন ইদাশিশা নোংরাং।

❑ পাক-ই-স্তানকে পেনাল্টি শ্যুটআউটে ৪-১ ব্যবধানে হারিয়ে, 'সুলতান আজলান শাহ হকি ট্রফি' জিতল জাপান।

১২ মে : মুম্বইয়ে এক অনুষ্ঠানে, এবছর 'গ্লোবাল এক্সেলেন্স পুরস্কার' পেলেন প্রখ্যাত শিক্ষাবিদ ও 'চন্দ্র অ্যাডমিশন কন্সালট্যান্ট'এর প্রতিষ্ঠাতা ও সিইও চন্দ্রকান্ত সতিজা। বিদর্ভ অঞ্চলের সবথেকে বিশ্বস্ত অ্যাডমিশন পরামর্শদাতার স্বীকৃতি হিসাবে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে। বলিউড অভিনেত্রী শিল্প শেঠি কুন্দ্রা তাঁকে এই পুরস্কার দিয়েছেন। শিক্ষাক্ষেত্রে ২১ বছরেরও বেশি সময় ধরে যুক্ত থাকা চন্দ্রকান্ত সতিজা, শিক্ষার্থীদের মানসম্পন্ন শিক্ষা, কেরিয়ার কাউন্সেলিং ও তাঁদের ভরতির নির্দেশিকা প্রদানের জন্য নিজের জীবন উৎসর্গ করেছেন।

❑ আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর ঘোষণা করলেন ইংল্যান্ডের ক্রিকেটার জেমস অ্যান্ডারসন। জুলাইয়ে, ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে লর্ডসে প্রথম টেস্টই হবে তাঁর শেষ ম্যাচ। ২০০২ সালে আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক হয় তাঁর। বিশ্বের একমাত্র জোরে বোলার হিসাবে টেস্ট ক্রিকেটে ৭০০ উইকেট নেওয়ার কৃতিত্ব রয়েছে তাঁর।



নিজের গড়া নজির ভেঙে, এই নিয়ে ২৯ বার বিশ্বের সর্বোচ্চ শৃঙ্গ 'মাউন্ট এভারেস্ট' আরোহণ করলেন নেপালের কিংবদন্তি পর্বতারোহী কামি রিতা শেরপা। তিনিই এখন সবথেকে বেশিবার এভারেস্ট জয়ী ব্যক্তি। এদিন, স্থানীয় সময় সকাল ৭টা ২৫ মিনিট নাগাদ ২৯ তম বার এভারেস্ট জয় করে নজির গড়েছেন তিনি। ২০২৩ সালের মে'তে কামি রিতা শেরপা তাঁর ব্যক্তিগত ২৮ তম বার এভারেস্ট অতিক্রম করেছিলেন। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৯৪ সালের ১৩ মে প্রথমবার এভারেস্টের চূড়ায় আরোহণ করেছিলেন কামি রিতা শেরপা। তারপর থেকে প্রায় প্রতি বছরই এভারেস্টে আরোহণ করেছেন তিনি।

১৩ মে : 'টাটা ইলেক্ট্রনিক্স'এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন এন.চন্দ্রশেখরন।

❑ বিশ্বে প্রথম উচ্চ গতির ৬জি প্রোটোটাইপ ডিভাইস চালু করল জাপান। এটি প্রতি সেকেন্ডে ১০০ গিগাবাইট গতিতে ৩০০ ফুটের বেশি দূরত্বে ডেটা প্রেরণ করতে পারে, যা এখনকার ৫জি প্রসেসরের থেকে ২০ গুণ বেশি। ডোকোমো, এনটিটি কর্পোরেশন, এনইসি কর্পোরেশন ও ফুজিৎসু কোম্পানির অংশীদারিত্বে এই ডিভাইসটি তৈরি করেছে জাপান। আপাতত, একটি একক ডিভাইসে এই ৬জি পরীক্ষা করা হলেও, এখনও বাণিজ্যিকভাবে এটির পরীক্ষা করা হয়নি। এই ৬জি'র গতিতে এক সেকেন্ডে ৫টি এইচডি চলচ্চিত্র ডাউনলোড করা যাবে। এই প্রযুক্তিতে ইন্টারনেট স্পিড অনেক বেশি থাকায় সম্ভব হবে রিয়েল-টাইম হলোগ্রাফিক যোগাযোগ। তবে, বাণিজ্যিকভাবে এই ৬জি পরিষেবা চালু হতে আরো কয়েক বছর সময় লাগতে পারে বলে মনে করা হচ্ছে।

১৪ মে : সম্মানজনক 'সাহিত্য আকাদেমি ফেলোশিপ' পেলেন প্রখ্যাত ব্রিটিশ-ভারতীয় লেখক রাসকিন বন্ড। ভারতের প্রধান সাহিত্য সংগঠন 'সাহিত্য আকাদেমি'র মাধ্যমে দেওয়া সর্বোচ্চ সম্মান এটি। ভারতীয় সাহিত্যকে সমৃদ্ধ করার ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান দেওয়া হয়। অসুস্থতার কারণে তাঁর মুসৌরি'র বাড়িতে তাঁকে এই সম্মান দেওয়া হয়েছে।

❑ আন্তর্জাতিক থিঙ্ক ট্যাঙ্ক সংস্থা 'গ্লোবাল ট্রেড রিসার্চ ইনিশিয়েটিভ'এর তরফ থেকে প্রকাশিত রিপোর্ট অনুযায়ী, আরও একবার মার্কিন যুক্তরাষ্ট্রকে ছাড়িয়ে ভারতের বৃহত্তম বাণিজ্য সহযোগী দেশে পরিণত হল চিন।

১৫ মে : প্রথম ভারতীয় মহিলা প্যাডলার হিসাবে বিশ্ব টেবল টেনিসের সিঙ্গলস ক্রমতালিকায় প্রথম ২৫-এর মধ্যে জায়গা করে নিলেন মনিকা বাত্রা। আইটিটিএফ র‍্যাঙ্কিংয়ের সদ্য প্রকাশিত তালিকায় ১৫ ধাপ উঠে এসেছেন তিনি। যার ফলে, ৩৯ থেকে এখন বিশ্ব টেবল টেনিসের মহিলা সিঙ্গলসে মনিকার অবস্থান ২৪ নম্বরে। ভারতের মহিলা টেবল টেনিস খেলোয়াড়দের মধ্যে শীর্ষস্থান ধরে রেখেছেন তিনি। পুরুষ ও মহিলা প্যাডলারদের মধ্যে বিশ্ব টেবল টেনিসে সেরা অবস্থানের নিরিখে মনিকা স্পর্শ করলেন সাথিয়ান জ্ঞানশেখরনের নজির। ২০১৯ সালে প্রথম ভারতীয় হিসাবে পুরুষদের সিঙ্গলস র‍্যাঙ্কিংয়ে বিশ্বের ২৪ নম্বর তারকা হয়েছিলেন তিনি। ফলে, সাথিয়ান ও মনিকা ছাড়া আর কোনো ভারতীয় প্যাডলার বিশ্ব টেবল টেনিসের র‍্যাঙ্কিংয়ে প্রথম ২৫-এ জায়গা করে নিতে পারেননি।

❑ ভারতের ৮৫ তম দাবা গ্র্যান্ডমাস্টার হলেন তামিলনাড়ুর পি.শ্যামনিখিল। এবছর 'দুবাই পুলিশ মাস্টার্স চেজ টুর্নামেন্ট'এ নিজের তৃতীয় ও চূড়ান্ত গ্র্যান্ডমাস্টার নর্ম অর্জন করেছেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, ভারতের ৮৪ তম গ্র্যান্ডমাস্টার আর.বৈশালী।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## আইসিসি পুরুষদের টোয়েন্টি-২০ বিশ্বকাপ ২০২৪




❑ **চ্যাম্পিয়ন :** ভারত (অধিনায়ক - রোহিত শর্মা)।
❑ **রানার্স-আপ :** দক্ষিণ আফ্রিকা (অধিনায়ক - এইডেন কাইল মার্করাম)।
❑ **সময়কাল :** ১ জুন থেকে ২৯ জুন।
❑ **আয়োজক দেশ :** ওয়েস্ট ইন্ডিজ ও মার্কিন যুক্তরাষ্ট্র।
❑ **প্রশাসক :** আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল। ❑ **সংস্করণ :** নবম।
❑ **অফিসিয়াল গান :** 'আউট অফ দিস ওয়ার্ল্ড' (শিল্পী - শন পল ও কেস)।
❑ **ক্রিকেট ফরম্যাট :** টোয়েন্টি-২০ আন্তর্জাতিক। ❑ **অংশগ্রহণকারী দল :** ২০। ❑ **মোট ম্যাচ :** ৫৫।
❑ **উদ্বোধনী ম্যাচ :** মার্কিন যুক্তরাষ্ট্র বনাম কানাডা (স্থান : গ্র্যান্ড প্রেইরি স্টেডিয়াম, ডালাস, মার্কিন যুক্তরাষ্ট্র)।
❑ **ফাইনাল ম্যাচ :** ভারত বনাম দক্ষিণ আফ্রিকা (স্থান : কেনসিংটন ওভাল, ব্রিজটাউন, বার্বাডোস, ওয়েস্ট ইন্ডিজ)।
❑ **ম্যান অফ দ্য ফাইনাল :** বিরাট কোহলি (ভারত) (ফাইনাল ম্যাচে ৭৬ রান)।
❑ **ম্যান অফ দ্য টুর্নামেন্ট :** যশপ্রীত বুমরা (ভারত) (১৫ উইকেট)।
❑ **সর্বোচ্চ রান সংগ্রাহক :** রহমানুল্লাহ গুরবাজ (আফগান-ই-স্তান) (মোট সংগ্রহ ২৮১ রান)।
❑ **সর্বোচ্চ উইকেট শিকারি :** ফজলহক ফারুকি (আফগান-ই-স্তান) ও আর্শদীপ সিং (ভারত), (উইকেট সংখ্যা ১৭)।
❑ **সর্বোচ্চ দলীয় সংগ্রহ :** ২১৮ - ওয়েস্ট ইন্ডিজ (প্রতিপক্ষ : আফগান-ই-স্তান)।
❑ **সর্বনিম্ন দলীয় সংগ্রহ :** ৩৯ - উগান্ডা (প্রতিপক্ষ : ওয়েস্ট ইন্ডিজ)।
❑ **সর্বোচ্চ ব্যক্তিগত স্কোর :** নিকোলাস পুরান (ওয়েস্ট ইন্ডিজ) (৯৮, প্রতিপক্ষ আফগান-ই-স্তান)।
❑ **হ্যাটট্রিক (মোট ৩টি) :** প্যাট কামিন্স - ২টি (অস্ট্রেলিয়া), ক্রিস জর্ডান - ১টি (ইংল্যান্ড)। টি-২০ বিশ্বকাপের ইতিহাসে টানা দুই ম্যাচে হ্যাটট্রিকের রেকর্ড গড়েন প্যাট কামিন্স।
❑ **২০২৬ সালের আয়োজক দেশ :** ভারত ও শ্রীলঙ্কা।

## স্টিল অথরিটিতে ২৪৯

১ পাতার পর

ইন্সট্রুমেন্টেশন, কেমিক্যাল, কম্পিউটার, সিভিল ইঞ্জিনিয়ারিং।

মেকানিক্যাল, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল, প্রোডাকশন, মেকানিক্যাল প্রোডাকশন অ্যান্ড টুল, ইন্ডাস্ট্রিয়াল, থার্মাল, ম্যানুফ্যাকচারিং প্রসেস ও অটোমেশন, মেকাট্রনিক্স, ম্যানুফ্যাকচারিং, ম্যানুফ্যাকচারিং সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, এনার্জি, মেশিন ইঞ্জিনিয়ারিং, মেকাট্রনিক্স অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মেকানিক্যাল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৬৯টি।

ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স/ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল/ পাওয়ার সিস্টেম অ্যান্ড হাই ভোল্টেজ/ ইলেক্ট্রিক্যাল মেশিন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার / পাওয়ার ইলেক্ট্রনিক্স/ পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল, পাওয়ার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড পাওয়ার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রিক্যাল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৬২টি।

ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল, ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স ডিজাইন অ্যান্ড টেকনোলজি, মেকাট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, রোবোটিক্স অ্যান্ড অটোমেশন, অটোমেশন অ্যান্ড রোবোটিক্স, কমিউনিকেশন, কন্ট্রোল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইন্সট্রুমেন্টেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১১টি।

কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি, ইলেক্ট্রো কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১০টি।

মেটালার্জিক্যাল, মেটেরিয়াল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি, ইন্ডাস্ট্রিয়াল মেটালার্জি ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৬৩টি।

সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'সিভিল ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ২১টি।

কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'কম্পিউটার' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৯টি।

ওপরের সব ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিংয়ের পুরো সময়ের ডিগ্রি কোর্সের প্রতি বছর / সেমেস্টার মিলিয়ে মোট অন্তত ৬৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে ২৫-৭-২০২৪'র হিসাবে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৫ সেমি, ওজন অন্তত ৪৫ কেজি, দৃষ্টিশক্তি দরকার প্রতি চোখে ±৪.০০। শুরুতে ১ বছরের ট্রেনিং। তখন বেসিক পে ৫০,০০০ টাকা। সফল হলে১ বছরের প্রবেশন। তখন মূল মাইনে : ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

প্রার্থী বাছাই হবে 'গেট-২০২৪' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে। এরপর হবে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

দরখাস্ত করবেন অনলাইনে,২৫ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : www.sail.co.in, www.sailcareers.com 'অনলাইনে নাম নথিভুক্ত করার আগে বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে ৫০০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ নির্দিষ্ট টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# মিসলেনিয়াস সার্ভিসেস

(A) ওথেলো (B) হ্যামলেট (C) জুলিয়াস সীজার (D) ম্যাকবেথ

71. নিচের কোন রাজ্যের সঙ্গে নেপালের কোনো সীমানা নেই?
(A) উত্তরাখণ্ড (B) বিহার (C) অসম (D) সিকিম

72. ব্যারেন দ্বীপপুঞ্জ কোথায় অবস্থিত?
(A) উত্তর আন্দামান (B) মধ্য আন্দামান (C) দক্ষিণ আন্দামান (D) ছোট আন্দামান

73. কোন দু'টি নদীর মধ্যবর্তী হিমালয়কে নেপাল হিমালয় বলে?
(A) সিন্ধু ও শতদ্রু (B) শতদ্রু ও কালি (C) কালি ও তিস্তা (D) তিস্তা ও ব্রহ্মপুত্র

74. সবথেকে কম জনঘনত্ব বিশিষ্ট কেন্দ্রশাসিত অঞ্চল কোনটি?
(A) লাক্ষাদ্বীপ (B) দমন ও দিউ (C) পুদুচেরি (D) আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ

75. "Blue Mountain" ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(A) মিজোরাম (B) তামিলনাড়ু (C) মহারাষ্ট্র (D) কেরল

76. 7930 টাকা 3 ভাগে ভাগ করে A, B ও C-কে 2, 3 ও 4 বছরের জন্য 5% সরল সুদে ঋণ দেওয়া হয়। যদি তাদের অর্থের পরিমাণ তাদের দেওয়া সময়ের পর সবার সমান হয়, A কত টাকা ঋণ নিয়েছিল?
(A) 3050 (B) 2760 (C) 2650 (D) 2800

77. রাম তার গাড়িতে একটি নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করে। যদি সে তার গাড়ির গতি ঘণ্টায় 6 কিলোমিটার বাড়ায়, তাহলে তার 4 ঘণ্টা সময় কম লাগে। আবার যদি সে তার গাড়ির গতি ঘণ্টায় 4 কিলোমিটার কমায় তাহলে তার 4 ঘণ্টা সময় বেশি লাগে। তার গন্তব্যস্থলের দূরত্ব কত কিলোমিটার?
(A) 480 (B) 240 (C) 380 (D) 120

78. ওয়াইনপূর্ণ একটি পাত্র থেকে 18 গ্যালন ওয়াইন তুলে 18 গ্যালন জল মেশানো হল। পুনরায় এই পদ্ধতি আরো একবার করা হলে বর্তমান পাত্রে ওয়াইন ও জলের অনুপাত 256 : 369 হলে, প্রথমে পাত্রে কত গ্যালন ওয়াইন ছিল?
(A) 45 (B) 50 (C) 52 (D) 60

79. পুরো পৃথিবীতে জল ও স্থলের পরিমাণের অনুপাত 1 : 3 ও দক্ষিণ গোলার্ধে তা 1 : 9. তাহলে উত্তর গোলার্ধে জল ও স্থলের অনুপাত কত?
(A) 3 : 2 (B) 4 : 3 (C) 2 : 3 (D) 3 : 4

80. সোমবার থেকে বুধবার পর্যন্ত গড় উষ্ণতা 37°C আর মঙ্গলবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত ছিল 34°C. যদি বৃহস্পতিবারের উষ্ণতা সোমবারের $\frac{4}{5}$ হয়, তাহলে বৃহস্পতিবারের উষ্ণতা কত?
(A) 39° (B) 42° (C) 34° (D) 36°

81. একটি বোলারের গড় উইকেট প্রতি 24.85. পরে সে 5 উইকেট নিয়ে 52 রান দেয় আর তার গড় 0.85 কমে যায়। শেষ ম্যাচ পর্যন্ত সে মোট কতগুলি উইকেট পায়?
(A) 90 (B) 80 (C) 75 (D) 60

82. 10 মিনিট অন্তর কোনো স্থান থেকে কামান দাগা হচ্ছিল। সেই দিক থেকে একটি ট্রেন ঘণ্টায় 72 কিলোমিটার বেগে অগ্রসর হচ্ছিল। শব্দের গতিবেগ সেকেন্ডে 380 মিটার হলে ওই ট্রেনে চালক কত মিনিট অন্তর কামান দাগার ধ্বনি শুনবে?
(A) $9\frac{1}{2}$ (B) 9 (C) 10 (D) 8

83. 47000 টাকা 3 জন পুরুষ, 5 জন মহিলা আর 7 জন বালকের মধ্যে এমনভাবে ভাগ করে দিন যাতে একজন পুরুষ একজন মহিলার দ্বিগুণ টাকা আর একজন মহিলা একজন বালকের $\frac{3}{2}$ গুণ টাকা পায়। একজন মহিলা কত টাকা পায়?
(A) 5000 (B) 4000 (C) 3000 (D) 2500

84. একটি বাক্সে 1 টাকা, 2 টাকা, 50 পয়সা ও 20 পয়সার মুদ্রা মিশিয়ে মোট 720 টাকা জমা আছে। মুদ্রাগুলির সংখ্যার অনুপাত 5 : 4 : 6 : 10 হলে 50 পয়সার মুদ্রা কতগুলি আছে?
(A) 180 (B) 280 (C) 320 (D) 240

85. A, B, C এর মাসিক আয় ও ব্যয়ের অনুপাত 7 : 9 : 12 আর 8 : 9 : 15. যদি A এর আয়ের $\frac{1}{4}$ অংশ সঞ্চয় করে, তবে A, B ও C এর সঞ্চয়ের অনুপাত কত হবে?
(A) 56 : 99 : 89 (B) 69 : 56 : 99
(C) 99 : 56 : 69 (D) 99 : 69 : 56

86. একটি নৌকা 750 মিটার দূরত্ব স্রোতের প্রতিকূলে 675 সেকেন্ডে গিয়ে আবার আগের স্থানে ফিরে আসে $7\frac{1}{2}$ মিনিটে। তবে স্থির জলে নৌকার গতিবেগ ঘণ্টায় কত কিলোমিটার?
(A) 5 (B) 3 (C) 7 (D) $4\frac{1}{2}$

87. দু'টি নল যথাক্রমে 15 মিনিট ও 30 মিনিটে একটি চৌবাচ্চা পূর্ণ করে। কিন্তু চৌবাচ্চাটির তলদেশে একটি পাইপ দিয়ে পূর্ণ চৌবাচ্চাটি খালি করতে 1 ঘণ্টা সময় লাগে। চৌবাচ্চাটি খালি অবস্থায় তিনটি নল খুলে দেওয়া হল। কত মিনিট পর তলদেশের পাইপ বন্ধ করা হলে চৌবাচ্চাটি 11 মিনিটে পূর্ণ হবে?
(A) 6 (B) 8 (C) 10 (D) 12

88. 16 জন শ্রমিক 36 মিটার দৈর্ঘ্য, 4 মিটার চওড়া ও 24 মিটার উঁচু একটি দেওয়াল প্রতিদিন 18 ঘণ্টা করে কাজ করে 20 দিনে গাঁথতে পারে। কত জন লোক প্রতিদিন 12 ঘণ্টা করে কাজ করে 18 দিনে 64 মিটার দীর্ঘ, 6 মিটার চওড়া ও 18 মিটার উঁচু একটি দেওয়াল গাঁথতে পারবে?
(A) 30 (B) 40 (C) 50 (D) 60

89. A ও B যথাক্রমে 32000 টাকা ও 40000 টাকা নিয়ে একটি অংশীদারি ব্যবসা শুরু করে। 3 মাস পর A 10000 টাকা তুলে নেয়। কিন্তু B, 10000 টাকা আরো নিয়োগ করে। এর 3 মাস পর C 42000 টাকা ব্যবসাতে নিয়োগ করে। B ও C এর লাভের পার্থক্য কত টাকা, যখন এক বছর পরে 52800 টাকা লাভ হয়?
(A) 6800 (B) 7200 (C) 7400 (D) 7800

90. এক ব্যক্তি 2 টাকায় 22টি হিসাবে কিছু লজেন্স ও 1 টাকায় 9টি হিসাবে সমান সংখ্যক লজেন্স কিনে সবগুলি 2 টাকায় 21টি হিসাবে বিক্রি করলে, শতকরা কত লাভ বা, ক্ষতি হবে?
(A) $-6\frac{2}{3}\%$ (B) $7\frac{4}{5}\%$ (C) $-5\frac{5}{7}\%$ (D) $4\frac{2}{5}\%$

91. একজন ব্যক্তি 2602 টাকা চক্রবৃদ্ধি সুদে তার দুই ছেলের নামে এমনভাবে ব্যাঙ্কে জমা রাখলেন যে একজন 5 বছর পর ও অন্যজন 7 বছর পর সমপরিমাণ টাকা ফেরত পান। যদি উভয় ক্ষেত্রেই সুদের হার 4% হয় তাহলে প্রথম ছেলের নামে কত টাকা রেখেছিলেন?
(A) 1352 (B) 1200 (C) 1500 (D) 1301

92. একজন ছাত্র প্রতিটি সঠিক উত্তরের জন্য 3 নম্বর পায় ও প্রতি ভুল উত্তরের জন্য 0.5 নম্বর বাদ যায়। একটি পরীক্ষায় মোট 250টি প্রশ্ন ছিল ও একটি ছাত্র 477 নম্বর পায়, তবে ওই ছাত্রটি ক'টি ভুল উত্তর দিয়েছিল?
(A) 39 (B) 78 (C) 86 (D) 125

93. প্রতিদিন 7 ঘন্টা করে A ও B একা একটি কাজ সম্পূর্ণ করে যথাক্রমে 6 দিনে ও 8 দিনে। তবে প্রতিদিন 8 ঘন্টা করে দু'জনে একসঙ্গে কাজটি করলে মোট কতদিন সময় লাগবে?
(A) 4 (B) 3 (C) 5 (D) 6

94. কোন মূলধন বার্ষিক $3\frac{1}{3}\%$ সরল সুদের হারে 5 বছরে 7000 টাকায় পরিণত হয়?
(A) 5000 (B) 5500 (C) 6000 (D) 6500

95. 300টি আপেল A, B, C-এর মধ্যে এমন করে বিতরণ করা হয়েছে যে A-এর মাধ্যমে প্রাপ্ত সংখ্যার 3 গুণ, B-এর 4 গুণ ও C-এর 9 গুণের সমান। B-এর মাধ্যমে প্রাপ্ত আপেলের সংখ্যা কত?
(A) 108 (B) 96 (C) 99 (D) 105

96. একটি ট্রেন কোনো স্থানে না দাঁড়িয়ে 8 ঘন্টায় তার যাত্রা সম্পূর্ণ করে। যদি তার গতি ঘন্টায় 5 কিলোমিটার বাড়ায় তাহলে সে 6 ঘন্টা 40 মিনিটে তার যাত্রা সম্পূর্ণ করবে। ট্রেনটির গতি ঘন্টায় কত কিলোমিটার?
(A) 36.5 (B) 25 (C) 40 (D) 45

97. তিনটি পাত্রে চিনি ও নুনের অনুপাত যথাক্রমে 5 : 6, 7 : 8 ও 3 : 4. ওই তিনটি পাত্র থেকে 5 : 6 : 7 অনুপাতে মেশালে নতুন মিশ্রণে চিনি ও নুনের অনুপাত কত হবে?
(A) 16 : 21 (B) 54 : 67 (C) 74 : 91 (D) 87 : 71

98. আশিস একটি সম্পত্তির $66\frac{2}{3}\%$ মালিক। যদি তার সম্পত্তির 30 শতাংশের মূল্য 125000 টাকা হয়, তবে তার সম্পত্তির 57 শতাংশের মূল্য কত?
(A) 306250 (B) 356250 (C) 343750 (D) 393750

99. 30 জন ছাত্রের গড় বয়স 15 বছর, এর থেকে 20 বছরের একজন ছাত্র চলে যায় ও তার বদলে দু'জন ছাত্র আসে। নতুন আসা দু'জন ছাত্রের বয়সের পার্থক্য 5 বছর। যার ফলে বর্তমানে মোট ছাত্রের গড় বয়স অপরিবর্তিত থাকে। নতুন আসা ছাত্র দু'জনের বয়স কত?
(A) 10 ও 15 বছর (B) 15 ও 20 বছর (C) 18 ও 23 বছর (D) 20 ও 25 বছর

100. দু'প্রকার স্টেনলেস স্টিলে ক্রোমিয়াম ও স্টিলের অনুপাত 2 : 11 ও 5 : 21. এই দু'প্রকার স্টেনলেস স্টিল কী অনুপাতে মেশালে নতুন স্টেনলেস স্টিলে ক্রোমিয়াম ও স্টিলের অনুপাত হবে 7 : 32.
(A) 1 : 2 (B) 1 : 3 (C) 2 : 5 (D) 3 : 8

## উত্তর

1(C). 2(B). 3(A). 4(C). 5(A). 6(C). 7(A). 8(D). 9(C). 10(A). 11(B). 12(A). 13(A). 14(B). 15(A). 16(C). 17(A). 18(C). 19(B). 20(D). 21(A). 22(A). 23(A). 24(D). 25(A). 26(D). 27(B). 28(C). 29(D). 30(C). 31(A). 32(A). 33(B). 34(C). 35(A). 36(D). 37(A). 38(C). 39(D). 40(A). 41(B). 42(C). 43(A). 44(D). 45(C). 46(A). 47(C). 48(D). 49(A). 50(B). 51(D). 52(C). 53(A). 54(B). 55(C). 56(A). 57(B). 58(D). 59(A). 60(A). 61(A). 62(B). 63(C). 64(B). 65(A). 66(B). 67(D). 68(B). 69(C). 70(A). 71(C). 72(B). 73(C). 74(D). 75(A). 76(B). 77(A). 78(B). 79(C). 80(D). 81(B). 82(A). 83(A). 84(D). 85(A). 86(A). 87(A). 88(D). 89(B). 90(C). 91(A). 92(B). 93(B). 94(C). 95(A). 96(B). 97(C). 98(B). 99(B). 100(A).

## পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ২,৭০০

১ পাতার পর

কোন রাজ্যে ক'টি সীট আছে : শূন্যপদ : পশ্চিমবঙ্গের বর্ধমান সার্কেলে ১৪টি (জেনাঃ ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ২)। দুর্গাপুর সার্কেলে ৬টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। হুগলি সার্কেলে ১৬টি (জেনাঃ ৬, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ২)। খড়গপুর সার্কেলে ১৩টি (জেনাঃ ৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। কলকাতা - নর্থ সার্কেলে ৩১টি (জেনাঃ ১২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ৩)। কলকাতা সাউথ সার্কেলে (বেহালা) ২৩টি (জেনাঃ ১০, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)। কলকাতা -পশ্চিম সার্কেলে ২৩টি (জেনাঃ ১০, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)। মালদা সার্কেলে ১২টি (জেনাঃ ৫, তঃজাঃ ৩, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। মুর্শিদাবাদ সার্কেলে ১৩টি (জেনাঃ ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। নদিয়া সার্কেলে ১২টি (জেনাঃ ৫, তঃজাঃ ৩, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। নিউ জলপাইগুড়ি সার্কেলে (শিলিগুড়ি) ১২টি (জেনাঃ ৬, তঃজাঃ ৩, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। উত্তর ২৪ পরগনা সার্কেলে ৮টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। পশ্চিম মেদিনীপুর সার্কেলে ১৩টি (জেনাঃ ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। পূর্ব মেদিনীপুর সার্কেলে ৭টি (জেনাঃ ২, তঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। পুরুলিয়া সার্কেলে ১৯টি (জেনাঃ ৮, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২)। দক্ষিণ ২৪ পরগনা সার্কেলে ১৪টি (জেনাঃ ৬, তঃজাঃ৩, তঃউঃজাঃ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। অসমে ২৭টি (জেনাঃ ১৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ২)। ঝাড়খণ্ডে ১৯টি (জেনাঃ ১০, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। ত্রিপুরায় ১৩টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ১)। ওড়িশায় ৭১টি (জেনাঃ ৩০, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ১৫, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৭)।

প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে ২৮ জুলাই। ১ ঘন্টার পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল /ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস, জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যান্ড রিজনিং অ্যাপ্টিটিউড, কম্পিউটার নলেজ। প্রতিটি পার্টে ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন হবে। প্রতিটি পার্টে সময় থাকবে ১৫ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। ন্যূনতম স্কোর করতে হবে। তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা স্কোরিংয়ে ৫% নম্বরে ছাড় পাবেন। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : আসানসোল, দুর্গাপুর, গ্রেটার কলকাতা, হুগলি, কল্যাণী, শিলিগুড়ি, বোকারো স্টিল সিটি, ধানবাদ, হাজারিবাগ, জামশেদপুর, রাঁচী, আগরতলা, ডিব্রুগড়, গুয়াহাটি, শিলচর, তেজপুর, জোড়হাট, ভিলাই নগর, বিলাসপুর, রায়পুর। লিখিত পরীক্ষায় সফল হলে স্থানীয় ভাষার পরীক্ষা, ইন্টারভিউ ও ডাক্তারি পরীক্ষা। এরপর রাজ্যভিত্তিক তালিকা তৈরি হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://pnbindia.in/Recruitments.aspx

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে। ফটো রঙিন হতে হবে ও ফটো ২০০×২৩০ পিক্সেল হতে হবে। সিগনেচার ১৪০×৬০ পিক্সেল হতে হবে। ফটো ও সিগনেচার ২০০ ডি.পি.আই.'তে স্ক্যান করবেন। এজন্য পরীক্ষা ফী বাবদ ৯৪৪ (মহিলা, তপশিলীদের বেলায় ৭০৮, প্রতিবন্ধীদের বেলায় ৪৭২) টাকা অনলাইনে জমা দিতে হবে। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

এক জানলায়
বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার, দক্ষিণ ২৪ পরগনা, উত্তর কলকাতার জন্য
কর্মসংস্থান, সওয়াল ও Appointment & Career News সুখবর-এর
বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র
বীরভূম ও মুর্শিদাবাদ
UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE (EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com
পুরুলিয়া ও বাঁকুড়া
Manorama Ad Agency
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com kunaldutta858@gmail.com
উত্তর কলকাতা
SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122 9830261403
Email : ashimchowdhury12@gmail.com
সংস্থান প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য যোগাযোগ করুন এই নম্বরে -
9830795430
appointmentnews@gmail.com

## গ্রুপ 'সি' ও গ্রুপ 'ডি' পদে

১ পাতার পর

খুব শিগগিরই চূড়ান্ত সিদ্ধান্ত নিয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রিলিমিনারি ও মেনস দু'টি পর্যায়ের পরীক্ষা নেওয়া হবে। পরীক্ষা হবে একইসঙ্গে, একই দিনে। প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে। এই পরীক্ষায় নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে মেনস পরীক্ষা দিতে পারবেন। তারপর হবে ইন্টারভিউ। চূড়ান্ত তালিকা তৈরির সময় মেনস পরীক্ষায় পাওয়া নম্বর ও লিখিত পরীক্ষায় পাওয়া নম্বর দেখা হবে।

# উজ্জ্বল ভবিষ্যৎ তৈরির দিশা দেখাতে 'কেরিয়ার ফেয়ার' হবে ২৭ ও ২৮ জুলাই, কল্যাণীতে

নিজস্ব প্রতিনিধি, কল্যাণী : মাধ্যমিক, উচ্চমাধ্যমিক কিংবা ডিগ্রি কোর্স পাশ করার পর উজ্জ্বল ভবিষ্যৎ তৈরির পথ দেখাচ্ছে 'কেরিয়ার ফেয়ার-২০২৪'। 'কর্মসংস্থান' পত্রিকা, Appointment & Career News ও 'সুখবর' দৈনিক পত্রিকার উদ্যোগে এবছরের চতুর্থ কেরিয়ার ফেয়ার অনুষ্ঠিত হবে নদিয়া জেলার কল্যাণীর 'দ্য গ্র্যান্ড আরিয়ানস হোটেল (কল্যাণী স্টেডিয়াম)'-এ ২৭ ও ২৮ জুলাই (শনিবার ও রবিবার)।

**তমলুক, মেদিনীপুর টাউন ও বহরমপুরের পর এবার নদিয়ার কল্যাণীতে**

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পাশ করার পর ডাক্তারি, ইঞ্জিনিয়ারিং, প্যারা মেডিক্যাল, নার্সিং, আই.টি.আই., ডিপ্লোমা, অ্যাভিয়েশন, হোটেল ম্যানেজমেন্ট-সহ কোন কোর্স পড়লে চটজলদি চাকরির সুযোগ পাবেন কিংবা ডিগ্রি কোর্স পাশের পর বি.বি.এ., এম.বি.এ., এম.সি.এ., বা, অন্য কোন পেশাগত/বৃত্তিমূলক কোর্স করলে নিশ্চিত চাকরি পাবেন ইত্যাদি বিষয় নিয়ে রাজ্য তথা দেশের নামি-দামি সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, কলেজ, বিশ্ববিদ্যালয়ের এক্সপার্ট কাউন্সেলরদের সঙ্গে সরাসরি কথা বলার সুযোগ নিন ও নিজের কেরিয়ার উজ্জ্বল করতে সঠিক গাইডেন্স নিন। এছাড়াও মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও ডিগ্রি কোর্স পাশের পর উজ্জ্বল ভবিষ্যৎ তৈরি করতে রাজ্য ও কেন্দ্রীয় সরকারি সংস্থায় ও নামী-দামি বেসরকারি কোম্পানিতে কোথায় কী চাকরির সুযোগ আছে, তাও এই কেরিয়ার ফেয়ার থেকে জানতে পারবেন।

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে দেশের ও রাজ্যের একাধিক ইঞ্জিনিয়ারিং, ডিগ্রি, ডিপ্লোমা, আই টি আই, নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যানিমেশন, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর চাকরির কোচিং ইনস্টিটিউটের স্টল থাকবে। যেখান থেকে আপনি আপনার পছন্দের কেরিয়ার সংক্রান্ত বিষয়ে বিস্তারিত তথ্য সম্পূর্ণ বিনামূল্যে পাবেন। আপনাদের গাইড করার জন্য বিভিন্ন ক্ষেত্রের একাধিক পেশাদার এক্সপার্টরা উপস্থিত থাকবেন। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর কোথাও পাবেন না। এই কেরিয়ার ফেয়ারে প্রবেশের জন্য কোনো এন্ট্রি ফী নেই। উপরন্তু থাকছে টিফিনের ব্যবস্থা। এছাড়াও থাকছে বিভিন্ন প্রতিষ্ঠানের 'এডুকেশন কীট (গিফট)'। ছাত্রছাত্রী, অভিভাবক, শিক্ষক-শিক্ষিকা, পেশাদার ব্যক্তি সবাইকেই স্বাগত জানানো হচ্ছে। কেরিয়ার ফেয়ার সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য জানতে সরাসরি আমাদের হেল্প লাইনে ফোন করতে পারেন : ৬২৯১৬৮৪৯৪৩।


মৌলনা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (MAKAUT) স্বীকৃত

## বিএসসি (অনার্স) এগ্রিকালচার বায়োটেকনোলজি কোর্স করে প্রচুর সরকারি ও বেসরকারি চাকরির সুযোগ সহ সুনিশ্চিত চাকরি ও ১০০% কেরিয়ার এর সুযোগ

নিজস্ব সংবাদদাতা : এবার চাকরি আপনাকে খুঁজবে। পশ্চিমবঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয় মৌলনা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (MAKAUT) স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে সুনিশ্চিত চাকরি ও ১০০% গ্যারান্টেড কেরিয়ার এর সুযোগ সহ সীমিত আসনে বিএসসি (অনার্স) এগ্রিকালচার বায়োটেকনোলজি কোর্সে ভর্তি চলছে। বিজ্ঞান বা ভোকেশনাল বিষয়ে উচ্চমাধ্যমিক পাশ ছাত্র ও ছাত্রীরা কোর্সটি করতে পারেন। গুরুকুল এডুটেক কলেজ ১৫ বছরের পুরোনো এবং স্বনামধন্য একটি প্রতিষ্ঠান যার হাজার হাজার পাশ করা ছাত্র ছাত্রীরা আজ কলেজ থেকে চাকরি পেয়ে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে দেশে ও বিদেশে কর্মরত ও সুপ্রতিষ্ঠিত। তাই বাংলার প্রতিটি জেলার ছাত্র ছাত্রী ও অভিভাবকদের প্রথম পছন্দ এই কলেজ। কলেজের ক্যাম্পাসে রয়েছে নিজস্ব সুবিশাল অত্যাধুনিক এগ্রিকালচার ফার্ম, একের পর এক অত্যাধুনিক ল্যাবরেটরি, অভিজ্ঞ ও প্রাজ্ঞ পূর্বভারতের সেরা প্রফেসরদের কাছে শিক্ষালাভের সুযোগ। প্রথম বর্ষ থেকেই ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন কোম্পানিতে ও শিল্পক্ষেত্রে রয়েছে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে। সাথে থাকবে ইন্ডাস্ট্রিতে ইন্টার্নশীপ। কোর্স শেষে থাকবে ক্যাম্পাস ইন্টারভিউ এবং সবার হাতে দেশি বিদেশি নামকরা সংস্থাতে চাকরির অ্যাপয়েন্টমেন্ট লেটার। শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূর্ব ভারতে প্রতি বছর কয়েক হাজার বিএসসি (অনার্স) এগ্রিকালচার বায়োটেকনোলজি পাশ করা ছাত্র ছাত্রী এখনই দরকার যা আগামী দিনে কয়েকগুণ বাড়বে। তাই গুরুকুল এডুটেক কলেজে ভর্তির জন্য এবং নিজের জীবন এবং সুনিশ্চিত কেরিয়ারের জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায় : গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 8981611881, 7059918186, ওয়েবসাইট : www.gurukulinstitute.org.in


## কেন্দ্রীয় সংস্থায় ১৬৫

১ পাতার পর

শূন্যপদ : ৬৩টি।

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট কেমিক্যাল প্ল্যান্ট :** ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বা, বায়োলজি বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ৮টি।

**ইন্সট্রুমেন্ট মেকানিক কেমিক্যাল প্ল্যান্ট :** ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ১টি।

**ইলেক্ট্রিশিয়ান :** বিজ্ঞান বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ২ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৭,০০০ টাকা। শূন্যপদ : ৩টি।

**হর্টিকালচার অ্যাসিস্ট্যান্ট :** মাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ২ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৭,০০০ টাকা। শূন্যপদ : ৫টি।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ট্রেডে:**

**কেমিক্যাল :** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১২ মাসের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ১৪টি।

**কম্পিউটার :** কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১২ মাসের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ২টি।

**ইলেক্ট্রিক্যাল :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১২ মাসের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ১০টি।

**ইন্সট্রুমেন্টেশন :** ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১২ মাসের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ১০টি।

**মেকানিক্যাল :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১২ মাসের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ১৮টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ট্রেডে:**

**সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট :** ডিগ্রি কোর্স পাশরা ইংরিজিতে জ্ঞান থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১২ মাসের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ৩১টি।

ওপরের সব ট্রেডের বেলায় শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। তপশিলী ও প্রতিবন্ধীরা ৫% নম্বরে ছাড় পাবেন। বয়স হতে হবে ১-৭-২০২৪'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। ট্রেনিং হবে ট্রম্বে, মুম্বইয়ে।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। সফল হলে সার্টিফিকেট ভেরিফিকেশন।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৯ জুলাই পর্যন্ত। ট্রেড অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করবেন এই ওয়েবসাইটে : https://apprenticeshipindia.gov.in গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করবেন এই ওয়েবসাইটে https://nats.education.gov.in

এছাড়া বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.rcfltd.com অনলাইনে দরখাস্ত করার সময় বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নিয়ে যাবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য সঠিকভাবে দিয়ে 'সাবমিট' করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওপরের ওই ওয়েবসাইটে।

## পুরসভায় ৩৫ হেল্থ ওয়ার্কার

১ পাতার পর

সংশ্লিষ্ট পুরসভা এলাকার বাসিন্দা হতে হবে। বয়স হতে হবে ১-১-২০২৪'এর হিসাবে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলী আর ও.বি.সি. প্রার্থীদের বেলায় বয়স হতে হবে ২২ থেকে ৪০ বছরের মধ্যে। ১ বছরের চুক্তিতে নেওয়া হবে। তবে কাজে সন্তুষ্ট হলে মেয়াদ বাড়ানো হবে। পারিশ্রমিক মাসে ৪,৫০০ টাকা। শূন্যপদ : ৩৫টি।

প্রার্থী বাছাই হবে মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে। দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। মেধা তালিকা তৈরি হবে মাধ্যমিকে পাওয়া নম্বর ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখে। এই পদের Memo No. 178 Estt/SMC, Dated: 02/07/2024.

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.siligurismc.in

পূরণ-করা ফর্মের সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (২) বাসিন্দা সার্টিফিকেট হিসাবে আধার কার্ড, ভোটার কার্ড বা, রেশন কার্ডের স্ব-প্রত্যয়িত নকল, (৩) বিবাহিতা মহিলাদের বেলায় ম্যারেজ সার্টিফিকেট, বিধবা মহিলাদের বেলায় স্বামীর ডেথ সার্টিফিকেট, ডিভোর্সী প্রার্থীদের বেলায় কোর্টের দেওয়া ডিভোর্স সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (৪) এখনকার তোলা পাশপোর্ট মাপের রঙিন ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। দরখাস্ত পৌঁছনো চাই ২৬ জুলাইয়ের মধ্যে, এই ঠিকানায় : The Commissioner, Siliguri Municipal Corporation, Baghajatin Road, Siliguri-734001. এছাড়াও দরখাস্ত সরাসরি হাতে-হাতে জমা দিতে পারবেন ওপরের ঠিকানায়।

## এয়ার ইন্ডিয়ায় ২,৯০৭

১ পাতার পর

এজেন্ট (মেল) পদে ২,৯০৭ জন ছেলেমেয়ে নিচেছ।

কারা কোন পদের জন্য যোগ্য :

**ইউটিলিটি এজেন্ট কাম র‍্যাম্প ড্রাইভার :** মাধ্যমিক পাশরা যোগ্য। ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। মাইনে মাসে : ২৪,৯৬০ টাকা। শূন্যপদ : ২৬৩টি। সিরিয়াল নং : 17.

**হ্যান্ডিম্যান (মেল) :**

মাধ্যমিক পাশরা যোগ্য। হিন্দি ও ইংরিজিতে লিখতে ও বলতে পারা দরকার। স্থানীয় ও হিন্দি ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। মাইনে মাসে : ২২,৫৩০ টাকা। শূন্যপদ : ২,২১৬টি। সিরিয়াল নং : 18.

**র‍্যাম্প সার্ভিস এজেন্ট :** মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, অটোমোবাইল, প্রোডাকশন বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। আই.টি.আই. থেকে মোটর ভেহিক্যাল অটো ইলেক্ট্রিক্যাল, এয়ার কন্ডিশনিং, ডিজেল মেকানিক, বেঞ্চ ফিটার, ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরাও আবেদন করতে পারেন। ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। মাইনে মাসে : ২৭,৪৫০ টাকা। শূন্যপদ : ৪০৬টি। সিরিয়াল নং : 16.

**ইউটিলিটি এজেন্ট (মেল) :** মাধ্যমিক পাশরা যোগ্য। হিন্দি ও ইংরিজিতে লিখতে ও বলতে পারা দরকার। স্থানীয় ও হিন্দি ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। মাইনে মাসে : ২২,৫৩০ টাকা। শূন্যপদ : ২২টি। সিরিয়াল নং : 19.

ওপরের সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। চাকরি হবে ভারতের যে কোনো জায়গায়। এই পদের বিজ্ঞপ্তি নং : AIASL/05-03/HR/311, Date: 28-06-2024.

প্রার্থী বাছাই হবে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে র‍্যাম্প সার্ভিস এক্সিকিউটিভ ও ইউটিলিটি এজেন্ট কাম র‍্যাম্প ড্রাইভার পদে ১৪ ও ১৫ জুলাই আর হ্যান্ডিম্যান (মেল) ও ইউটিলিটি এজেন্ট (মেল) পদের ইন্টারভিউ হবে ১৬ জুলাই। এই ঠিকানায় : GSD Complex, Near Sahar Police Station, CSMI Airport, Terminal -2, Gate No. 5. Sahar, Andheri-East, Mumbai-400099. ইন্টারভিউ দিতে সঙ্গে নিয়ে যাবেন যাবতীয় প্রমাণপত্রের মূল ও স্ব-প্রত্যয়িত নকল।


## ফার্মাসি কোর্স করে চাকরি করুন কিংবা ওষুধের দোকান করে স্বনির্ভর হন

নিজস্ব সংবাদদাতা, নৈহাটী : ফার্মাসি কোর্স করে নিজের ভবিষ্যৎ উজ্জ্বল করুন। ফার্মাসি কোর্স করে একদিকে যেমন সরকারি সংস্থায় চাকরির একাধিক সুযোগ আছে, তেমনি বেসরকারি একাধিক ওষুধ প্রস্তুতকারক সংস্থায় উচ্চ মাইনেতে চাকরির সুযোগ আছে। অন্যদিকে, ফার্মাসি কোর্স পাশ করে ওষুধের দোকান তৈরি করে স্বনির্ভর হতে পারেন।

উত্তর ২৪ পরগনা জেলার শ্যামনগরে তৈরি হয়েছে SSKM College of Pharmacy নামে একটি ফার্মাসি কলেজ। এখানে ফার্মাসি কোর্স (D. Pharm)-এ ভর্তি চলছে। সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই কোর্সে ভর্তি হতে পারবেন। ২ বছরের কোর্স। ফী সাধারণ মধ্যবিত্ত ছেলেমেয়েদের সাধ্যের মধ্যে। অভিজ্ঞ প্রিন্সিপ্যাল ও অভিজ্ঞ প্রফেসররা হলেন এখানকার ফ্যাকাল্টি। অডিও-ভিশ্যুয়াল ক্লাসের সুবিধা পাবেন। ফার্মাসি কাউন্সিল অফ ইন্ডিয়া (PCI) অনুমোদিত ও WBSCTVESD দ্বারা স্বীকৃত কোর্স। সরাসরি ভর্তির জন্য যোগাযোগ করুন এই ঠিকানায় : SSKM College of Pharmacy, উচ্ছেগড়, শ্যামনগর, উত্তর ২৪ পরগনা। ফোন : 8296078405, 9231518040, 9339085237, 8420423793, ওয়েবসাইট : www.sskmcollege.com


## কেন্দ্রীয় সংস্থায় ৭০ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, নাগপুর : কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন আম্বাঝারি অর্ডন্যান্স ফ্যাক্টরি 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (টেকনিক্যাল)', 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (নন-টেকনিক্যাল)' ও 'ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস' হিসাবে ৭০ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডে আবেদনের যোগ্য :

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস :** ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২১ থেকে ২৫ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৭, ও.বি.সি. ৩, তঃউঃজাঃ ১, তঃজাঃ ১)।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস :** ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২২ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ১৮টি (জেনাঃ ৯, ও.বি.সি. ৫, তঃউঃজাঃ ১, তঃজাঃ ২, প্রতিবন্ধী ১)।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস :** সায়েন্স, কমার্স ও কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিগ্রি কোর্স পাশরা 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (জেনারেল স্ট্রিম)' ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ২০ থেকে ২৪ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ৪০টি (জেনাঃ ২০, ও.বি.সি. ১১, তঃউঃজাঃ ৩, তঃজাঃ ৪, প্রতিবন্ধী ২)।

প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে।

প্রার্থীদের প্রথমে অনলাইনে নাম রেজিস্ট্রেশন করতে হবে, ১৬ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : https://forms.gle/4pQkuL0EZx8r80iD6 আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.mhrdnats.gov.in

## ৮৭ ওয়ার্কার

১ পাতার পর

পাশরা কোনো অর্ডন্যান্স ফ্যাক্টরিতে সংশ্লিষ্ট ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ করে থাকলে আবেদন করার জন্য যোগ্য। বয়স হতে হবে ১-৬-২০২৪'এর হিসাবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। বেসিক পে ১৯,৯০০ টাকা। শূন্যপদ : ৮৭টি (জেনাঃ ২০, ও.বি.সি. ৭, তঃজাঃ ১৭, তঃউঃজাঃ ২৮, ই.ডব্লু.এস. ১৫, প্রাঃসঃকঃ ৮)। ১ বছরের ট্রেনিং। যা আরো ৪ বছর পর্যন্ত বাড়তে পারে।

প্রার্থী বাছাই হবে ট্রেড টেস্ট বা, প্র্যাক্টিক্যাল টেস্ট-এর মাধ্যমে। ট্রেড টেস্টে থাকবে ১০০ নম্বর। মেধা তালিকা তৈরির সময় আই.টি.আই. কোর্সে পাওয়া নম্বর ও প্র্যাক্টিক্যাল টেস্টে পাওয়া নম্বর দেখা হবে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://munitionsindia.in দরখাস্তের সঙ্গে দেবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল আর নিজের সই করা পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of Tenure Based CPW Personnel on Contract Basis'. দরখাস্ত পৌঁছনো চাই ২৬ জুলাইয়ের মধ্যে। এই ঠিকানায় : The Chief General Manager, Ordnance Factory, Itarshi, District: Narmdapuram, Madhya Pradesh, Pin-461 122.

ADMISSION OPEN FOR JOB ORIENTED COURSES

SRIMATI TECHNO INSTITUTE
An Institute of Design, IT, Mgmt. & Technical Studies
An ISO 9001:2015 Certified Institute
JOIN TO BE A COMPLETE PROFESSIONAL
CALL US 92300 76099 | 92300 62679
www.srimatitechno.org

Art & Design Courses
- Fashion Design & Tech.
- Interior Design (AutoCAD, 3Ds Max with V-Ray)
- Animation & Multimedia

Placement Assistance

Beauty & Wellness
- Beautician (Skin & Hair)
- Professional Make-up
- Bridal Make-up

IT Courses
- Computer Hardware & Net.
- AutoCAD - FA with GST(Tally Prime)
- DTP - 3Ds Max with V-Ray
- Web Tech. - Office Management
- Audio & Video Editing

Safety Management Courses
- Diploma in Fire & Safety Mgmt.
- Adv. Diploma in Fire & Safety Mgmt.

Short Term Courses
- Mobile & Smart Phone Tech.
- CCTV Technician
- Chip Level Repairing

ITI Courses
- Electrician - Fitter - Welder
- Refrigeration & AC Mechanic
- Automobile Mechanic

SRIMATI'S HIGHLIGHTS
- কর্পোরেট সেমিনার এবং ইন্টার্নশিপ • মক্ ইন্টারভিউ সেশন • পৃথক বিভাগ অনুযায়ী কর্মশালা • ইন্ডাস্ট্রি দ্বারা প্রশিক্ষিত ফ্যাকাল্টি • সিমুলেশন ভিত্তিক প্রশিক্ষণ • অডিও-ভিসুয়াল প্রশিক্ষণ • সেমিনার এবং ফ্যাশন শো • ফ্লেক্সিবল ব্যাচ টাইমিং • গ্রন্থাগার
- ইন্ডিভিসুয়াল কেয়ার
- ওয়াই-ফাই ক্যাম্পাস
- রেলওয়ে কনসেশন
- নিয়মিত মূল্যায়ণ

HO : 114/2A, Hazra Rd, Nr. Kalighat Fire Brigade, Kol -26
BRANCH Open BARUIPUR 92300 62678
9.00AM To 8.00PM (Mon to Saturday) Follow us | www.srimatitechno.org

## ইউকো ব্যাঙ্কে ৫৪৪

১ পাতার পর

যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় পড়তে, লিখতে ও বলতে পারা দরকার। কোন রাজ্যে ক'টি সীট আছে : শূন্যপদ : পশ্চিমবঙ্গ- ৮৫টি (জেনাঃ ৩৬, তঃজাঃ ১৯, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৯, ই.ডব্লু.এস : ৮)। ওড়িশা ৪৪টি (জেনাঃ ১৯, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস : ৪)। অসম ২৪টি (জেনাঃ ১৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস : ২)। বিহার ৩৯টি (জেনাঃ ২০, তঃজাঃ ৬, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস : ৩)। ছত্তিশগড় ১০টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস : ১)। ত্রিপুরা ৪টি (জেনাঃ ৩, তঃউঃজাঃ ১)। উত্তরপ্রদেশ ৪৭টি (জেনাঃ ২২, তঃজাঃ ৯, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস : ৪)। সিকিম ১টি (জেনাঃ)। নয়াদিল্লি ১৩টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস : ১)। এই পদের বিজ্ঞপ্তি নং : HO/HRM/RECR/2024-25/COM-19.

প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় সফল হলে স্থানীয় ভাষার পরীক্ষা, ইন্টারভিউ ও ডাক্তারি পরীক্ষা। এরপর রাজ্যভিত্তিক তালিকা তৈরি হবে। পরীক্ষা হবে কলকাতা-সহ বিভিন্ন কেন্দ্রে। কবে কোথায় পরীক্ষা হবে, তা ওয়েবসাইটে পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://nats.education.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে। ফটো রঙিন হতে হবে ও ফটো ২০০×২৩০ পিক্সেল হতে হবে। সিগনেচার ১৪০×৬০ পিক্সেল হতে হবে। ফটো ও সিগনেচার ২০০ ডি.পি.আই.'তে স্ক্যান করবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। আরো বিস্তারিত তথ্য ওপরের এই ওয়েবসাইটে : www.ucobank.com

## ৯০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

কারা কোন ক্ষেত্রে যোগ্য :

**আই.টি.আই. অ্যাপ্রেন্টিস :** এন.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে ফিটার, টার্নার, মেশিনিস্ট, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড ৮,০৫০ টাকা। শূন্যপদ : ফিটার ৯টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। টার্নার ১৪টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। মেশিনিস্ট ১৫টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)। ইলেক্ট্রিশিয়ান ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। ওয়েল্ডার ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

**নন-আই.টি.আই. অ্যাপ্রেন্টিস :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা অঙ্ক ও বিজ্ঞান বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড প্রথম ৩ মাস ৩,০০০ টাকা করে, পরের ৯ মাস ৬,০০০ টাকা করে আর পরের বছর মাসে ৬,৬০০ টাকা করে। শূন্যপদ : ফিটার ১০টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। টার্নার ১৫টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)। মেশিনিস্ট ১৬টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২)। এম.এম.টি.এম. ৬টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। এই পদের বিজ্ঞপ্তি নং : CVRDE/ADMIN/2024.

প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। এজন্য শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখা হবে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.avnl.co.in তখন সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল। দরখাস্ত পৌঁছনো চাই ২৬ জুলাইয়ের মধ্যে। এই ঠিকানায় : The Chief General Manager, Machine Tool Prototype Factory, A Unit of AVNL, Govt of India Enterprise Ambarnath, Dist.-Thane, Maharashtra, Pin-421 502.

RICE ADAMAS GROUP



সরকারি চাকরির স্বপ্ন বাস্তবায়িত করতে প্রয়োজন ধৈর্য, কঠোর পরিশ্রম, শৃঙ্খলাবদ্ধ পড়াশোনা এবং RICE মেথডোলজির সাহায্য। তবেই সাফল্য আসবে হাতের মুঠোয়।

প্রফেসর (ড.) সমিত রায়
- Founder & Chairman, RICE - Adamas Group
- Founder & Chancellor – Adamas University
- Board Member - International Association of Universities (IAU)
- President - Association of Private Universities of West Bengal

RICE-এর সাথেই হোক সরকারি চাকরির লক্ষ্যপূরণ

RICE EDUCATION

Offline Courses
- WBCS Combined : WBCS & other exams
- General Combined : SSC, CGL, CHSL, PSC, Bank Police & other exams
- Target SSC : CGL, CHSL, MTS & other exams

Online Courses
WBCS & PSC Pro | SSC & Railway Pro
Banking & Insurance Pro | Foundation | Optional

RICE Methodology
- Faculty members with an experience of over 20 years • Researched Study Materials • Daily Class Test, Weekly Test, Monthly Test, Homework and Mock test • Doubt Clearing Classes • Special Grooming Sessions for interview • Motivation Class • Performance Analysis and feedback

Talk to us today

Belgharia (Head Office) 84799 02085 / 84799 18051
Sealdah (City Office) 84799 17959 / 84799 18013

Arambag: 87775 19273 | Asansol: 84799 00577 | Barasat: 84799 00574 | Bardhaman: 84799 00575 | Berhampore: 84799 17952 | Behala: 84799 17961 | Coochbehar: 84799 00576 | Durgapur: 84799 00578 | Gangarampur: 86977 46059 | Howrah Maidan: 84799 17956 | Jalpaiguri: 73648 82509 | Kharagpur: 84799 17955 | Malda: 84799 17953 | Midnapore: 84799 17954 | Siliguri: 84799 17965 | Sonarpur: 84799 17962 | Tamluk: 84799 17957

Residential Program available at Adamas Knowledge City, Barasat. 92309 15829 / 98742 93000
HELPLINE: 62921 90230 | riceeducation.in

ricesmart | RICE RESIDENTIAL | RICE IAS | Adamas | Adamas International School | Adamas World School | adamas tech | Adamas KIDS

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com